Totalitarianism is not bad for the respective country alone, it can spell similar doom for the rest of the world as well. As we have seen with the Covid-19 crisis, distance is trans-territorial, any place can be a neighbor even without having shared the border. Fredric Jameson once described why we need a catastrophe to be able to rethink about the very basic features of the society in which we live. The present crisis has also revealed several fundamentals that constitute the basics of society.

### **Post Covid Obligations**

In certain respect we should not return to normal, at least in terms of ecological behavior. The birds are back to the trees. Let them be. They have the right to have the trees around.

How would the post Covid culture be? What is more concerning about the prospective changes of Covid is not how the human society will deal with the crisis to get back to its normal life, but the worry is- ‘Would humans try to get back to the exact way of life that they had before

Covid?’ It has been amply proved that humans are the biggest threat to nature. Even a very short absence of humans in the scene can greatly restore a hugely damaged environment. Humans are expendables, at least if we can afford to shift humans from the primacy of the anthropocene regime, we can hope for a better world. Else, we would be condemned to commit the same crime that Hegel had said, ‘The only thing we learn from history is that we learn nothing from history.’”

### Works cited

Agamben, Giorgio. “Requiem for the Students” May 11, 2020. Requiem for the Students (Giorgio Agamben) | by D. Alan Dean | Medium

Agamben, Giorgio, “The state of exception provoked by an unmotivated emergency” in *Positions and Politics*. 26 Feb 2020. Web.

Berg, Anastasia. “Giorgio Agamben’s Coronavirus Cluelessness: The Italian philosopher’s interventions are symptomatic of theory’s collapse into paranoia.” in *The Chronicle of Higher Education*, March, 23, 2020 .

<https://www.chronicle.com/article/giorgio-agambens-coronavirus-cluelessnes>

Foucault, Michel. *Discipline and Punish*. London: Vintage Books, 1995 (first published in 1977)

Nayak, Bhabani Shankar. “Capitalist States Failed During COVID-19 Pandemic. Where's The 'Failed State' Theory Now?” in *Outlook*, 16, May, 2020.

Peters, Michael A. “Philosophy and Pandemic in the Postdigital Era: Foucault, Agamben, Žižek” . [www.ncbi.nlm.nih.gov](http://www.ncbi.nlm.nih.gov)

Gikandi, Simon. “Critical Theory is most useful when it is critical’. An Interview of Simon Gikandi’ by Jyotirmoy Prodhani in *Journal of Contemporary Thought*, Vol. 43

Summer 2016 (published in 2017) Pp. 135-145. ISSN 0971 4731.

Žižek, Slavoj. *Pandemic : Covid 19 Shakes the World*, New York, London: Or Books,

2020 (PDF)

Žižek, Slavoj. “Monitor and Punish, Please” in *Philosophical Salon*, 16 March, 2020

<https://thephilosophicalsalon.com/monitor-and-punish-yes-please/>

This is a modified and enlarged paper originally presented in the international webinar on

*Sajinma Sagop (Pandemic): Covid-19 and Culture*, 17 August, 2020.

---

Prof. Jyotirmoy Prodhani teaches at the Dept.of English, NEHU, Shillong and has been contributing on NE Literature & Culture, Theory et al. Email: rajaprodhani@gmail.com

## সহজিয়া বৈষ্ণবধর্ম ও নারী জীবন : ঐতিহাসিক পর্যবেক্ষণ

পরমাশ্রী দাশগুপ্ত

### সার-সংক্ষেপ

প্রাগাধুনিক বঙ্গদেশে সহজিয়া বৈষ্ণব ধর্মকে কেন্দ্র করে অনেক সহায় সম্বলহীন মেয়েরা বেঁচে থাকার বিকল্প ভূমি খুঁজে পেয়েছিল। সেই ধারা উনিশ বিশ শতকেও অব্যাহত ছিল। গৌড়ীয় বৈষ্ণব ধর্মান্বলম্বীদের আভিজাত্য এদের ছিল না। দরিদ্র ঘরের মেয়েরা কেউ বা বিধবা হয়ে, কেউ বা স্বামী পরিত্যক্ত হয়ে, আবার কেউ বা কারো দ্বারা প্রবঞ্চিত হয়ে, বৈষ্ণব আশ্রমে সেবাদাসী হয়ে অথবা বোষ্টমের বোষ্টমী হয়ে সারাজীবন কাটিয়ে দিত। অবিবাহিত কুলীন মেয়েরা প্রাচীন বঙ্গদেশের বৈষ্ণব মেলাগুলোতে তাদের পূর্বজীবন ত্যাগ করে বৈষ্ণব সহজিয়া সাধকদের সঙ্গী হয়ে উঠত।

সাধনসঙ্গী হিসেবে নারীর এই জীবনে কতটা সম্মান ছিল? নাকি আরো এক অনড়, কঠোর, পুরুষ প্রাধান্যময় ধর্মাচরণের বন্দীশালায় তাদের জীবন আটকে যেত? এই ঐতিহাসিক প্রশ্নের উত্তর সন্ধান গবেষণা পত্রটির মুখ্য উপজীব্য। কোন পরিস্থিতিতে, সমাজের কোন শ্রেণির মেয়েরা সহজিয়া বৈষ্ণব ধর্মাচরণের সঙ্গে যুক্ত হয়ে পড়ে, তাও ঐতিহাসিকভাবে পর্যবেক্ষণ করা হয়েছে এখানে। এই ধর্মাচরণের ক্ষেত্রে নারী জীবনের সুরক্ষা ও নিরাপত্তার বহুমাত্রিক দিক অনুসন্ধানই এই গবেষণা পত্রটির মূল অঙ্গিষ্ঠ।

### চুম্বক শব্দ (key Words)

নারীত্ব, বৈষ্ণব, ঐতিহাসিক, নিম্নবর্গ, ধর্মাচরণ, সহজিয়া, বঙ্গদেশ, সাধনসঙ্গী, পুরুষতান্ত্রিক, বারোমাসী

এক

মা আর মেয়ে। কৃষ্ণদাসী আর গোবিন্দমোহিনী। সংক্ষেপে দাসী আর মোহিনী। জন্ম বাজার ও ইলাম বাজারের ন্যাড়া ন্যাড়ী বৈষ্ণব সম্প্রদায়ের একটি বড় আখড়ার অধিকারিণী। কিন্তু লোক চুপিচুপি বলে বৈষ্ণব নটী। কথাটা পরিষ্কার হল না। ছিল ওরা বৈষ্ণবী। মা কৃষ্ণদাসী তরুণ বয়সে নামের দলের সঙ্গে নামগান গেয়ে বেড়াত; ক্রমে ইলামবাজারের ঐশ্বর্যের মোহে আজ নটী হয়ে দাঁড়িয়েছে। তবে পুরো নটী নয়, নটী পাড়ায় বাস করে না, নটীর সাজে সাজে না, বৈষ্ণবীর মত তিলক কাটে, চূড়া বেঁধে চুলও বাঁধে, দুই বাজারের বাজার-এলাকার বাইরে একটি শান্ত বৈষ্ণব পল্লীতে আখড়াতেই বাস করে; সেখানে প্রভুর সেবাও আছে। তবে এ সমস্তের আড়ালে এদের আর একটি রূপ আছে, সেটি নটীর রূপ।<sup>১</sup>

শ্রীকান্ত উপন্যাসের কমললতাও আশ্রয় পেয়েছিল এক একনিষ্ঠ বৈষ্ণব আশ্রমে। গ্রাম বাংলায় ঘুরলে এমন অনেক বৈষ্ণব আশ্রম পাওয়া যায় যেখানে কমললতাদের অভাব নেই। তবে নিষ্ঠাবান বৈষ্ণব গুরুদের সান্নিধ্য তারা কয়জনই বা পায়। নারীকে ধর্মীয় সাধনার জন্য ব্যবহার করার ঐতিহ্য আজও ধারণ করে রেখেছে এমন অনেক আশ্রম। আবার আর্থিক কষ্টে অনেক মেয়েই নির্বাচন করে নেয় এক ‘নটীর জীবন’। তারা সেখানে সেবাদাসী। কৃষ্ণদাসী আর গোবিন্দ মোহিনীর মত। বীরভূমের লাভপুর থেকে জন্মবাজার, ইলামবাজারে ঘুরে বেড়ানোর প্রত্যক্ষ অভিজ্ঞতা তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কলমে জন্ম দিয়েছিল আখড়ার অধিকারিণী এই মেয়েদের। *রাধা* উপন্যাসে তিনি বুঝিয়ে দিয়েছিলেন বৈষ্ণবী ও নটীর মধ্যে অধিকাংশ ক্ষেত্রেই তেমন কোনো জল অচল বিভাজিকা থাকত না। সেবাদাসী হিসাবে তারা পুরুষ বৈষ্ণবদের যৌন স্বেচ্ছাচারকেই প্রশ্রয় দিতেন। সপ্তদশ শতাব্দী থেকে যখন সহজিয়া বৈষ্ণব ধর্মের জনপ্রিয়তা ক্রমশ বাড়তে শুরু করেছিল তখন থেকেই অবাধ যৌনাচারের জন্যই মূলত এরা সমাজের কাছে অন্তর্ভুক্ত, অপাংক্তেয় হতে থাকে। গৃহস্থ বৈষ্ণব ছাড়া অন্যান্য বৈষ্ণব সম্প্রদায়ের মানুষদের সমাজের মূল স্রোত থেকে কিছুটা দূরেই রাখা হত। জাত বৈষ্ণবরাও ছিলেন গৃহস্থ বৈষ্ণব। H.H. Risley তাঁর ‘The Tribes and Castes of Bengal’ বইতে বৈরাগী – বোষ্টমদের থেকে জাত বৈষ্ণবদের আলাদা করে রেখেছেন।<sup>২</sup> বৈষ্ণবদের মধ্যে সব থেকে অপাংক্তেয় ও ঘৃণ্য ছিলেন এরাই। অথচ বৈষ্ণবধর্মকে অবলম্বন করে, বোষ্টমের বোষ্টমী হয়ে এই সমস্ত সহায় অবলম্বনহীন মেয়েরা বেঁচে থাকার বিকল্প ভূমি খুঁজে পেয়েছিল। উনিশ শতকের শেষ পর্যন্ত নাটকে



প্রহসনে গড়িয়ে ছিল এদের নিয়ে ব্যঙ্গ বিদ্রুপ। গৌড়ীয় বৈষ্ণব ধর্মালম্বীদের আভিজাত্য এদের ছিল না। বৈরাগী বোষ্টমরা যেহেতু সমাজের মূল ধারার একেবারে বাইরে ছিল তাই তাদের অবাধ যৌনাচারী, ভণ্ড, প্রবঞ্চক বলে সমাজ তকমা এঁটে দিয়েছিল। সপ্তদশ অষ্টাদশ শতাব্দীতে নিম্নবর্ণের মধ্যে বৈষ্ণব ধর্ম ব্যাপক ভাবে প্রচারিত হয়েছিল। যৌনকর্মীরা বৈষ্ণব ধর্মে আশ্রয় পেয়েছিল। বাইতি, ভুঁইমালী, ধোবা, দোয়াই, ডোম, গাঁড়ি, জেলে-কৈবর্ত, মালো, কাঁদরা, পোঁদ, গুঁড়ি, তিয়র প্রভৃতি নিম্নবর্ণের মধ্যে বৈষ্ণবধর্মের সম্প্রসারণ ঘটে। সমাজের সে স্তরে গৌড়ীয় বৈষ্ণব গোস্বামীরা যেতেন না সেই স্তরে গিয়ে পৌঁছেছিলেন লালন ফকির, সিরাজ সাঁই, পাবনার শম্ভু চাঁদ, কর্তাভজাদের গুরু লালশশী, বিক্রম পুরের সুধারাম বাউল, রং পুরের রূপচাঁদ গোসাঁই, ফকির পাঞ্জ শাহ এবং ঠাকুর হরিচাঁদ।

অজ্ঞাত বৈষ্ণবরা বাইতি, ভুঁইমালী, ধোবা, দোয়াই, ডোম, গাঁড়ি, জেলে-কৈবর্ত, মালো, কাঁদরা, পোঁদ, শোরি, তিয়র প্রভৃতি তথাকথিত নিম্নজাতিদের মধ্যে বৈষ্ণবধর্ম প্রচার করেন। কোনও কোনও গোসাঁই যৌনকর্মীদেরও মন্ত্র দিয়েছিলেন। পাদ্রি ওয়ার্ড লিখেছিলেন - “At Calcutta nearly all the women of ill-fame profess the religion of Choitunyu before their death, that they may be entitled to some sort of funeral rites.”<sup>৩</sup> অষ্টাদশ শতাব্দীর শেষের দিকে পতিতারা অনেকে মৃত্যুর পর তাদের সঞ্চিত টাকা পয়সা উইল করে পুরীর জগন্নাথ মন্দিরে এবং অন্যান্য বৈষ্ণব মন্দিরে দান করে যেতেন। এই সমস্ত প্রাচীন দলিল ঐতিহাসিক রমাকান্ত চক্রবর্তীকে দেখিয়েছিলেন কলকাতা হাইকোর্টের অ্যাডভোকেট ইতিহাস অনুসন্ধানী অমিত রায়। সমাজে প্রান্তিক অবস্থানে থাকা মেয়েদের অবলম্বন হয়েছিল বৈষ্ণবধর্ম। বৈষ্ণব ধর্ম তাদের ধর্মাচারণের অধিকার, নিজস্ব পরিচয় দিয়েছিল। মৃত্যু পরবর্তী শেষকৃত্যটুকু এই ধর্মীয় মতেই সমাধা হত। প্রচলিত ব্রাহ্মণ্য গৌড়ীয় বৈষ্ণব মূল্যবোধকে অস্বীকার করে তাদের বিপরীতে এরা বৈষ্ণব সাধনার এক ভিন্নমুখী স্রোত তৈরী করলেন। সহজিয়া বৈষ্ণবদের মধ্যে কর্তাভজাদের দলে, এবং নিম্নবর্ণীয় একাধিক সম্প্রদায়ে ব্যক্তি স্বাতন্ত্র্য ও ধর্মীয় স্বাধীনতার চেতনা সুস্পষ্ট ছিল।

দরিদ্র ঘরের মেয়েরা কেউ বা অকাল বৈধব্য, কেউ বা স্বামী পরিত্যক্ত হয়ে আবার কেউ নিজের নিকট জনের থেকে প্রবঞ্চিত হয়ে আশ্রয় পাওয়ার জন্য, মুক্তির সন্ধানে আশ্রমে সেবা দাসী বা গুরুর চরণ দাসী হিসাবে জীবন কাটাতেন। হয়তো তাদের খাদ্য বস্ত্র ও বাসস্থান জুটে যেত। আর্থিক অনটনে, সমাজের নিপীড়নে মরতে হত না কিন্তু যে জীবনকে তারা গ্রহণ করেছিলেন সেখানে কী প্রকৃতই তাদের মুক্তি ঘটেছিল? নাকি আরো এক অনড়, কঠোর, পুরুষ প্রাধান্যময় বন্দীশালার মধ্যে তারা নিজেদের নিষ্কেপ করেছিল। গুরু সান্নিধ্যে থাকার ফলে মেয়েটিকে হয়তো কোন সামাজিক কৈফিয়ৎ দিতে হতনা। গুরুর আশ্রমের অনেক অসামাজিক কাজই ধর্মীয় মোড়কে ঢাকা পড়ে যেত। কিন্তু ধর্ম সাধনার উপায় এই মেয়েদের জীবনে প্রকৃত মুক্তি কোনো অবস্থাতেই আসেনি। যুগ পেরিয়ে যায় মেয়েরা ব্যবহৃত হতেই থাকে। রাধা বা কমললতাদের সময় পেরিয়ে আজও এ বাস্তবতা অনড়। দরিদ্র পরিবারের পারিপার্শ্বিক পরিবেশ মেয়েদের এমন সিদ্ধান্ত নিতে শেখায় অথবা তাদের ঠেলে দেওয়া হয় এক ধর্মীয় কারাগারে আত্ম বিসর্জন দিতে।

## দুই

নারী পুরুষের মিলিত গুহ্য সাধন প্রণালী ও ধর্ম সাধনার ধারা ভারতবর্ষের ধর্মের ইতিহাসে বহুদিন আগে থেকেই প্রচলিত ছিল। এই সাধনার বিভিন্ন পরিণতি হিসাবে বামাচারী তান্ত্রিক সাধনা, বৌদ্ধ তান্ত্রিক সাধনা, বৌদ্ধ সহজিয়া সাধনা, বৈষ্ণব সহজিয়া প্রভৃতির উদ্ভব হয়েছে। পাল রাজাদের সময়ে বাংলা দেশে তান্ত্রিক বৌদ্ধধর্ম ও সহজিয়া বৌদ্ধ ধর্মের খুব প্রসার ছিল। বৌদ্ধ ধর্মকে অবলম্বন করে যে গুহ্য সাধন পদ্ধতি বাংলাদেশে প্রচলিত ছিল সেই সাধনা এবং হিন্দু তন্ত্রের সাধন পদ্ধতি মূলত একই ছিল। সহজ সাধনার অন্তর্গত বাহ্য সাধনায় নারী সঙ্গকে গুরুত্ব দেওয়া হয়। সেন রাজাদের সময় থেকে বঙ্গদেশে রাধা-কৃষ্ণ সম্বলিত বৈষ্ণবধর্মের প্রসার হতে থাকে বলে মনে করা হয়। এই বৈষ্ণবধর্মের প্রসারের পরে আগের গুহ্য সাধন পদ্ধতি বৈষ্ণবধর্মের সঙ্গে জড়িয়ে পড়ে এবং এই ভাবেই বৈষ্ণব সহজিয়া মত গড়ে ওঠে।

নর-নারী পরস্পর মিলিত এই ধর্ম সাধনা বৈষ্ণব ধর্মে প্রবেশ করে রূপান্তরিত হয়। হিন্দু এবং বৌদ্ধ তান্ত্রিকদের মধ্যে এমনকি বৌদ্ধ সহজিয়া সম্প্রদায়ের মধ্যে যা ছিল মূলত যোগ সাধনা। বৈষ্ণব সহজিয়ার ভিতরে তা প্রেম সাধনায় রূপান্তরিত হল।<sup>৪</sup>

চৈতন্য পরবর্তীকালে যতই সময় এগিয়েছে বৈষ্ণব সহজিয়া মতবাদ ততই সমাজে গ্রহণীয় ও প্রচলিত হয়ে উঠেছে। বর্ণ বিভাজিত হিন্দু সমাজের কঠোর বিধানের বিপ্রতীপে বৈষ্ণব সহজিয়া মত সমাজে জনপ্রিয় হয়। সহজিয়া সাধনায় প্রেম সাধনার পক্ষে উপযুক্ততম নায়িকা হলেন পরকীয়া নায়িকা। সহজিয়ারা মনে করেন জয়দেব, বিদ্যাপতি, চণ্ডীদাস থেকে শুরু করে বৃন্দাবনের গোস্বামীরা সকলেই বিশেষ কোনো পরকীয়া নায়িকার সঙ্গে সহজ-সাধনা করেছেন। বাংলার বৈষ্ণব সম্প্রদায়ের মধ্যে সহজিয়াদের অনুরূপ ভাবে ‘কিশোরী ভজনের’ একটি সম্প্রদায় গড়ে উঠেছিল। এই সম্প্রদায়ের মধ্যে সহজিয়াদের অনুরূপ ভাবে পুরুষে কৃষ্ণের আরোপ ও স্ত্রীতে কিশোরীর (রাধার) আরোপ করে সাধনার প্রথা প্রচলিত। পরকীয়াতত্ত্ব রূপান্তরিত হল নায়িকা সাধনাতে। ‘চূড়াধারী’, ‘বাউল’, ‘বাওলা’, ‘শিষ্যাবিলাসী’, ‘কিশোরী ভজন’, ‘সহজ’ প্রভৃতি গুরুবাদী গোষ্ঠীর উদ্ভব হল ক্রমেই। জাহ্নবদেবীর পালিত পুত্র রামচন্দ্র প্রতিষ্ঠিত শ্রীপাট, বাঘনাপাড়াতে যে পরস্পর বিরোধী তত্ত্ব *মুরলীবিলাস* এবং *বংশীশিক্ষা* গ্রন্থ দুটিতে দেখা যায় তাও সহজিয়া তত্ত্বের ক্রমে জনপ্রিয় হয়ে ওঠার ইঙ্গিতবাহী। রাজবল্লভ গোস্বামীর *মুরলীবিলাস* গ্রন্থটিতে জাহ্নবদেবীর মতবাদ অর্থাৎ বৈধী ভক্তির কথাই বর্ণিত হয়েছে কোথাও সহজিয়া মত নেই। আবার ১৭১৬ খ্রিষ্টাব্দের প্রেমদাসের *বংশীশিক্ষা* গ্রন্থটিতে সহজিয়া মত বলিষ্ঠ ভাবে প্রকাশিত। এর কারণ মনে করা যেতে পারে অষ্টাদশ শতকের শুরুতে বর্ধমানের সহজিয়া বৈষ্ণবদের প্রভাব। বিশ্বনাথ চক্রবর্তী ছিলেন বৈষ্ণব তত্ত্ব পরকীয়াবাদের সমর্থক। তিনি *উজ্জ্বলনীলমনি*-র ‘লঘুতুমত্র’ শ্লোকের টীকায় জীব গোস্বামীর স্বকীয়াবাদের উপর ঘোরতর আক্রমণ করেছিলেন। কৃষ্ণদাস কবিরাজের শিষ্য মুকুন্দ “সিদ্ধান্ত চন্দ্রোচয়”-এ পরকীয়াতত্ত্বের উপর আলোকপাত করেন। এই সময় পরকীয়াবাদকে ব্যাখ্যা করে আরো অনেক তত্ত্ব গ্রন্থ লেখা হয়েছিল। বিমানবিহারী মজুমদারের মতে বঙ্গদেশে সপ্তদশ শতাব্দীর শেষভাগ থেকে পরকীয়াবাদ বহুল ভাবে প্রচারিত হতে শুরু করে।<sup>৫</sup>

বৈষ্ণব ধর্মান্দোলনে প্রথম পর্যায় থেকেই পরকীয়াবাদ এত বিস্তার পায়নি। যদিও চৈতন্য চরিতামৃত-এ

বলা হয়েছে -

পরকীয়া- ভাবে অতি রসের উল্লাস |

ব্রজ বীনা ইহার অন্যত্র নাহি বাস ||<sup>৬</sup>

তবুও পরকীয়া সাধনা কিন্তু ব্রজধামে সীমাবদ্ধ ছিল না। বেশ কিছু সংখ্যক বৈষ্ণবরা তাদের জীবনে পরকীয়া সাধনাকে পরখ করতে চেয়েছিল। এই কারণেই বৈষ্ণবধর্ম সব থেকে বেশী সমালোচিতও হয়েছে। মধুরভাবকে কৃষ্ণদাস কবিরাজ শ্রেষ্ঠ ভাব বলেছিলেন। এই মধুরভাবে পরকীয়া সাধনার চরম গুরুত্ব থাকায় তা সামাজিক ক্ষেত্রে বিপদজনক হতে পারে বলে আন্দাজ করেছিলেন বৈষ্ণব ধর্মান্দোলনের শীর্ষস্থানীয় নেতৃবর্গরাই। নিত্যানন্দ সাধারণ মানুষের জন্য ‘সখ্য’ ও ‘দাস্য’ ভাব প্রচার করেছিলেন। মধুর ভাব প্রচার করে বাংলায় ভক্তি আন্দোলন গড়ে তোলা বিভিন্ন কারণে সম্ভব ছিল না এটা দক্ষ সংগঠক নিত্যানন্দ বুঝেছিলেন। চৈতন্যদেবেরও সম্ভবত এই ধারণা ছিল তাই তিনি মধুরভাবের প্রচারক তাঁর অতিপ্রিয় নরহরি সরকারের উপর বঙ্গে ভক্তি প্রচারের দায়িত্ব না দিয়ে সে দায়িত্ব দিয়েছিলেন নিত্যানন্দকে।

চৈতন্যদেব জীবিত থাকাকালীনই বৈষ্ণবরা নানা গোষ্ঠী উপগোষ্ঠীতে ভাগ হতে থাকে। এদের মধ্যে অনেক গোষ্ঠীই সহজ সাধনার পক্ষপাতী ছিল। সহজিয়ারা ক্রমেই জনপ্রিয় হয়ে উঠতে থাকে। নিত্যানন্দ ও নরহরির গোষ্ঠী বাংলায় সবথেকে শক্তিশালী বৈষ্ণবীয় গোষ্ঠী হয়েও সহজিয়াদের বিরুদ্ধে কোনো কার্যকরী প্রতিরোধ গড়ে তোলার চেষ্টা করেননি।

সহজিয়া বৈষ্ণবধর্ম ক্রমশ জনপ্রিয় হয়ে ওঠার নানা কারণ ছিল। নিত্যানন্দের মৃত্যুর পর তার গোষ্ঠীর দায়িত্ব ভার নেন জাহ্নবদেবী। জাহ্নবার নেতৃত্বের গুনে নিত্যানন্দের গোষ্ঠীতে কোন ভাঙ্গন ধরেনি। জাহ্নবা বৃন্দাবনে গিয়ে গোস্বামীদের সঙ্গে তত্ত্ব আলোচনা করে ভক্তি আন্দোলনের বঙ্গীয় ও বৃন্দাবনী ধারার মধ্যে সংযোগ রাখতে চেয়েছিলেন। এক্ষেত্রে জাহ্নবার সহযোগী হয়েছিল সেই সময়ের বঙ্গদেশে তিন অঞ্চলের তিনজন প্রভাবশালী বৈষ্ণব নেতা শ্রীনিবাস আচার্য, শ্যামানন্দ এবং নরোত্তম দত্ত। জাহ্নবা বৈধিভক্তি ও স্বকীয়া মতবাদের

প্রচারক ছিলেন। জীব গোস্বামীও তাত্ত্বিক ভাবে স্বকীয়া মতবাদকেই সমর্থন করেছিলেন। চৈতন্য-নিত্যানন্দ পরবর্তী বঙ্গে শ্রীনিবাস, শ্যামানন্দ, নরোত্তম দাস ও জাহ্নবী ভক্তি আন্দোলনের বৃন্দাবনী ধারার সঙ্গে সংযোগ রেখে তত্ত্ব প্রভাবিত যে বৈষ্ণব আন্দোলন গড়ে তোলেন তার সঙ্গে সাধারণ মানুষ ক্রমশই সংযোগ হারায়। ব্রাহ্মণ্যবাদের একাধিপত্যের বিরোধিতা করে যে আন্দোলন শুরু হয়েছিল তার স্বভাব বৈশিষ্ট্য ক্ষুণ্ণ হয়। নীচু স্তরের বৈষ্ণব গুরুরা সহজিয়া মতের দিকে ঝোঁকে। সাধারণ মানুষদের মুক্তির কথা, তাদের সামাজিক অবস্থার উন্নতির কথা পরবর্তীকালের গৌড়ীয় বৈষ্ণব নেতারা আর তেমনভাবে ভাবেননি। চৈতন্য-নিত্যানন্দের যেমন জন সংযোগ ছিল, জনগণের উদ্ধৃদ্ধ করার ক্ষমতা ছিল, এঁদের তেমন ছিল না। নির্দিষ্ট অঞ্চলের অভিজাত মানুষদের পৃষ্ঠপোষকতায় এরা অনেকেই বিলাসী জীবনযাপন অভ্যস্ত হয়ে পড়েন। ভক্তি আন্দোলনের সূচনার মূল লক্ষ্য থেকে পরবর্তী আন্দোলনের ধারা বিচ্ছিন্ন হয়ে যায়।

চৈতন্যদেবের অন্তর্ধানের মোটামুটি একশো বছরের মধ্যেই গৌড়ীয় বৈষ্ণব সম্প্রদায়ের মধ্যে ব্রাহ্মণ্যবাদ জাঁকিয়ে বসেছিল। গোপাল ভট্ট গোস্বামীর *হরিভক্তি বিলাস* ব্রাহ্মণ্যবাদকে সমর্থন জানায়। সেখানে স্পষ্ট করে উল্লেখ করা হয় শূদ্রের কাজ উচ্চবর্ণের সেবা করা। এই গ্রন্থ হিন্দু সমাজের বর্ণভেদকেই সমর্থন করেছিল।<sup>১</sup> ষড়্ গোস্বামী প্রচারিত যে বৈষ্ণবীয় দর্শন পরবর্তীকালে বঙ্গদেশে প্রচারিত হয়েছিল তার সঙ্গে চৈতন্যদেবের ধর্ম প্রচারের উদ্দেশ্যের কোন মিল ছিলনা। তাদের মতবাদ চৈতন্যদেবের মতামতের বিপরীতমুখী ভাষ্য ও বলতে চেয়েছেন অনেক সমালোচক। সহজিয়া বৈষ্ণব ধর্মকে তারা নানা ভাবে এড়িয়ে গেছে। বৈষ্ণবধর্মকে শাস্ত্র সম্মত করতে গিয়ে তাঁরা বৈষ্ণবধর্মের সঙ্গে ক্রমাগত শাস্ত্রীয় ঐতিহ্যের যোগ খুঁজেছেন। লোক উপাদান বর্জন করে সামাজিক মুক্তির পথ থেকে সরে এসেছেন। চৈতন্য আন্দোলনে লোকায়ত ভাবনা পরিত্যক্ত হয় এর মধ্যে ক্রমেই ব্রাহ্মণ্য সংস্কৃতির সংমিশ্রণ ঘটে। ফলে লোকজীবন থেকে এই ব্রাহ্মণ্য আন্দোলন অনেকটা দূরে সরে যায়। সাধারণ মানুষ এই ধর্ম চেতনার মধ্যে নিজেদের মুক্তির পথ খুঁজে না পেয়ে ক্রমশ সহজ সাধনায় আগ্রহী হয়ে পড়ে। গৌড়ীয় বৈষ্ণব ধর্মের থেকে নানা উপসম্প্রদায় আলাদা হতে থাকে। তাদের নির্দিষ্ট সাধনপন্থা ছিল। ব্রাহ্মণ্যবাদের কাছে এই ধারাগুলি আত্মসমর্পণ করেনি। বরং কঠোর ব্রাহ্মণ্য সংস্কৃতির বিপ্রতীপে এই ধারাগুলি মানুষকে অন্যরকম ভাবে বেঁচে থাকার পথ দেখিয়েছিল।

বিশেষত সপ্তদশ শতাব্দী থেকে বৈষ্ণব ভক্তি আন্দোলনের মধ্যে এই বিভাজন বেশি প্রকট হতে থাকে । গৌড়ীয় বৈষ্ণব ধর্মকে আবলম্বন করে একটি গোষ্ঠী সমাজের সাধারণ মানুষদের থেকে ক্রমশ বিচ্ছিন্ন হয়ে যায় । উপনিবেশ পূর্ব নারী প্রগতি ও নারী শিক্ষার ধারার সূত্রপাতও এখানেই । নারী বৈষ্ণব গুরু হিসাবে এগিয়ে আসেন এবং বৈষ্ণব পরিবারগুলোতে মেয়েদের শিক্ষিত করার প্রচেষ্টা শুরু হয় । বর্ণবাদ, অর্থনীতি, শিক্ষা বৈষ্ণবদের মধ্যে এক ধরনের আভিজাত্য এনে দেয় এবং তাদের জনজীবন থেকে আলাদা করে দেয় ।

### তিন

গৌড়ীয় বৈষ্ণব ধর্মে আভিজাত্য, বর্ণবাদ পোষণ নীতি থেকে ক্রমেই দূরে সরতে থাকে সহজিয়া বৈষ্ণব সম্প্রদায়ের গোষ্ঠীগুলি । আখড়ায়, আশ্রমে থাকা বৈষ্ণব ও ভবঘুরে বৈষ্ণবদের মধ্যে সহজিয়া সাধন পদ্ধতি বেশি প্রচলিত ছিল । ‘বৈরাগী-বোষ্টম’ বলে এক ধরনের ভিক্ষাজীবী ভবঘুরে বৈষ্ণব ছিল । গোড়া গৌড়ীয় বৈষ্ণব সমাজ এদের কোনদিনই তেমন ভাবে গ্রহণ করেনি । ‘বৈরাগী-বোষ্টম’ সম্প্রদায়ের উদ্ভবও সামাজিক কঠোরতা ও দারিদ্রের প্রত্যক্ষ ফল । গৌড়ের রামকেলি বর্ধমান জেলার দখিয়া বৈরাগী তলা, পূর্ববঙ্গের নারায়ণগঞ্জের কাছে লাঙ্গল বন্ধ ও রাজশাহীর খেতুরির মেলার ‘প্রেমতলী’তে বৈরাগী বোষ্টমরা ফৌজদারের হাতে পাঁচসিকা দক্ষিণা দিয়ে বোষ্টমী জোগাড় করতেন । এই বোষ্টমী কারা? বিধবারা, স্বামী পরিত্যক্ত মহিলারা অভিভাবকহীন যুবতী এবং কুলীন সমাজের অবিবাহিত দুর্ভাগা মেয়েরা । প্রায় কয়েকশো বোষ্টমী প্রেমতলীতে বসে থাকতেন তাঁদের হাত পা ছাড়া সর্বাঙ্গ ঢাকা থাকত । এই হাত পা দেখেই বোষ্টমকে বোষ্টমী নির্বাচন করে নিতে হত । মনে রাখা দরকার বোষ্টমের বোষ্টমী নির্বাচনের অধিকার ছিল, বোষ্টমীর বোষ্টম নির্বাচনের নয় । পুরুষতান্ত্রিক সমাজে যাবতীয় প্রাধান্য শুধু পুরুষেরই তাই বোষ্টমীর বোষ্টম নির্বাচনের কোন অধিকার ছিল না । বোষ্টমরা জোগাড় করতেন তাদের সাধনসঙ্গী ।

গৌড়ের রামকেলিতে চৈতন্যের বিশ্রামস্থল তমালতলার কাছেই একটি বিরাট ঘর আছে স্থানীয় মানুষদের কথা অনুযায়ী এই ঘরেই নাকি বোষ্টমীরা জড়ো হতেন এবং দেওয়ালের কিছু ফাঁক ফোঁকর দিয়ে তারা হাতটা বার করে রাখতেন । বোষ্টমকে এই রকমই কোনও একটি হাত ধরতে হত । তাঁদের মধ্যে কণ্ঠী বদল করে বিবাহ হতো এবং ইচ্ছা হলে বোষ্টমী এক বছরের মধ্যে বোষ্টমকে ত্যাগও করতে পারতো । কিন্তু বোষ্টমীরা বোষ্টম ত্যাগ করতে

পারতো কিনা এ বিষয়ে কোনো তথ্য পাওয়া যায়না। এই বোষ্টমীদের বলা হত ‘পাঁচ সিকার বোষ্টমী’।<sup>৮</sup> বোষ্টমদের কেউ কেউ আখড়া বাসী ছিলেন আবার অনেকে রাস্তায় ভিক্ষে করে দিন কাটাতেন। হয়তো স্বপ্ন দেখতেন কিছু টাকা পয়সা হলে তারাও গৃহস্থ হবেন বা তাদেরও নিজস্ব আখড়া হবে। এদের যেমন কোনো সামাজিক মর্যাদা ছিল না তেমনই আর্থিক অবস্থাও ছিল শোচনীয়। যাঁদের ‘প্রেমতলী’র বোষ্টম বোষ্টমী রূপে দেখা হয়েছে, নিন্দা করা হয়েছে, সামাজিক ভাবে ঘৃণা করা হয়েছে তাঁদের অসহায়তার দিকটাও বুঝে নেওয়া দরকার।

ক্ষিতিশ চন্দ্র মৌলিকের ‘ভরার মেয়ের গানে’র ভূমিকার সঙ্গে মিলিয়ে পড়লে বোঝা যায় এই বোষ্টমীরা অনেকেই ছিলেন কুলীন ঘরের মেয়ে। যাদের পাত্রস্থ না করতে পেরে অভিভাবকেরা ঘটকের হাতে তুলে দিয়েছিলেন। নৌকা করে এক অঞ্চল থেকে অন্য অঞ্চলে যাদের নিয়ে যাওয়া হত। বিভিন্ন বৈষ্ণবীয় মেলায়, আখড়ায় যাদের বিক্রি করে দেওয়া হত। এই সমস্ত মেয়েদের ইচ্ছা অনিচ্ছার মূল্য না দিয়েছিল পরিবার, না দিয়েছিল সমাজ। সম্পূর্ণ অন্যের ইচ্ছায়, চূড়ান্ত অসহায়তায় তারা নিজেদের বিক্রিয়ে দিতে বাধ্য হতো। বঙ্গদেশে স্মৃতিশাস্ত্র নির্ধারিত চূড়ান্ত সামাজিক কঠোরতা জাতিভেদ ও অর্থনৈতিক বিপর্যয়ের থেকেই জন্ম নিয়েছিল এই বোষ্টমী সম্প্রদায়। যারা অনেকটা বোষ্টমদের হাতের পুতুল মাত্র ছিল। যে বোষ্টম তাদের এক বছরের জন্য কণ্ঠীবদল করে বিবাহ করতেন। তাদের সঙ্গে দিনযাপন করতে, তাদের সাধন সঙ্গী হতে এরা কিছুটা বাধ্যই হতেন অন্যদিকে বোষ্টমরা এক বছর পর ইচ্ছে মত এদের পরিত্যাগ ও করতে পারতেন।

আবার শুধু ভরার মেয়েরাই নয় অনেক সমাজ পরিত্যক্ত বিধবা, অবলম্বনহীন মেয়েদেরও আশ্রয় দিয়েছিল এই সব আখড়া। সমাজের প্রথাগত স্রোতে যারা বঞ্চনা ছাড়া আর কিছু পায়নি সেই সব মেয়েদের আশ্রয় ও অবলম্বন হয়ে দাঁড়িয়েছিল বৈষ্ণবীয় আখড়াগুলি। অনাথ, পরিত্যক্ত মেয়েদের জন্য সেই সময়তো সরকারী আশ্রম বা কেন্দ্র ছিল না। বোষ্টমী হয়ে অন্তত খাদ্য, বস্ত্র, বাসস্থান জুটে গিয়েছিল তাদের।

বঙ্গাল সেনের সময় থেকেই কৌলীন্য প্রথা সমাজে তেমন বিশিষ্ট স্থান অধিকার করেনি। কৌলীন্যও সম্ভবত প্রথমে মর্যাদা সূচক উপাধিমাত্র ছিল। কালক্রমে তা বংশগত হয়ে উচ্চতম সামাজিক শ্রেণির চিহ্নে পরিণত হয়।

ছাপ্পান্ন গাঁই ব্রাহ্মণদের মধ্যে আঁটটি গাঁই হল – বন্দ্য, চট্ট, মুখটি, ঘোষাল, পুততুণ্ড, গাঙ্গুলি, কাঞ্জিলাল, কুন্দগ্রামী। বঙ্গাল সেন ঘোষিত নয়টি গুণের পূর্ণ অনুশীলন করেই ব্রাহ্মণরা 'কুলীন' ব্রাহ্মণের মর্যাদা লাভ করেন। নয়টি গুণ হল আচার, বিনয়, বিদ্যা, প্রতিষ্ঠা, তীর্থ পর্যটন, নিষ্ঠা, বৈবাহিক আদান প্রদান, আবৃত্তি, তপস্যা ও দান। বঙ্গাল সেন এই আট গাঁই এর মধ্যে বিবাহের কোনো প্রতিবন্ধকতা সৃষ্টি করেননি। কিন্তু বঙ্গাল সেনের কয়েকশো বছর পর দেবী বর ঘটক কুলীন ব্রাহ্মণদের দোষ বিচার করে শ্রেণি বিভাগের প্রয়োজনীয়তা অনুভব করেন। দেবীবর ঘটক বিভিন্ন ক্ষেত্রে কুলীনদের উপর কঠোর বিধিনিষেধ আরোপ করেন। ফলে বৈবাহিক আদান প্রদানের ক্ষেত্রে কুলীনদের সংকুচিত হয়ে যায়। কুলীন পুরুষদের মধ্যে বহু বিবাহ ব্যাপক রূপে প্রচলিত হয়। নিষ্কর্মা কুলীন পুরুষদের বিবাহ ব্যবসা শুরু হয় অন্যদিক কুলীন ঘরে পাত্রস্থ না করতে পারা অবিবাহিত মেয়েদের সংখ্যা বাড়তে থাকে। অবিবাহিত মেয়েদের ঘরে রাখার গুরুভার মুক্ত হওয়ার জন্য অভিভাবকেরা ঘটকের হাতে মেয়েদের তুলে দেয়। যতই তিল-তুলসী-গঙ্গা জল ছুঁয়ে প্রতিশ্রুতি করিয়ে নেওয়া হোক এই প্রতিশ্রুতি যে কত ভঙ্গুর তা কী অভিভাবকেরা জানতেন না? তাদের কাছেও তো ঘটকদের অর্থ পিপাসু ব্যবসায়ী রূপটি স্পষ্ট ছিল। এভাবেই কুলীন মেয়েরা সোজা কথায় বিক্রি হয়ে যেত দেশে দেশান্তরে। তাদের অনেকের আশ্রয় হত বৈষ্ণব মেলার প্রেমতলীতে। অনেকেই সহজিয়া বৈষ্ণব সাধনার সঙ্গে যুক্ত হয়ে গুরুর সেবাদাসীতে পরিণত হতেন। অনেকেই হতেন বোষ্টমের এক বছরের বোষ্টমী। বঙ্গীয় সমাজে নারী পাচারের প্রাচীন দৃষ্টান্ত এটি। অষ্টাদশ – উনিশ শতকে যা ব্যাপক রূপ নিয়েছিল।

#### চার

ক্ষিতিশ চন্দ্র মৌলিক 'ভরার মেয়ের গান' <sup>৯</sup>- এর যে ভূমিকা লিখেছেন সেখানে তিনি স্পষ্টতই বলেছেন ভরার মেয়ে সংক্রান্ত তথ্য তিনি সংগ্রহ করেছেন মূলত তিনটি উৎস থেকে।

ক. বাল্যকালে পিসীমা ও অন্যান্য বৃদ্ধার মুখে শোনা ভরার মেয়ের কথা। যা প্রাপ্ত বয়সে তিনি প্রায় ভুলেই গিয়েছিলেন।

খ. ১৯৩৩ খ্রিষ্টাব্দে বিশিষ্ট ঘটক পরিবারের সঙ্গে সখ্যতা এবং তাদের পুরোনো খাতাপত্র থেকে ভরার মেয়ে সম্বন্ধে তথ্য সংগ্রহ।



গ. মধ্য, পূর্ব ও উত্তরবঙ্গের অনেকগুলি বনিয়াদী গোস্বামী বংশের ‘পাঠ বাড়ী’ থেকে সংগৃহীত তথ্য।

অর্থাৎ ভরার মেয়ের গান এবং ভরার মেয়ে সম্বন্ধীয় নানা গল্পকথা মহিলাদের মধ্যে পরম্পরায় বাহিত হয়ে চলেছিল। অথচ ক্ষিতিশচন্দ্র মৌলিকের সংগৃহীত গান ছাড়া উনিশ বিশ শতকের অন্য কোনো সাহিত্যে ভরার মেয়েদের সম্বন্ধে তেমন কোনো তথ্যই পাওয়া যায়নি। তার কারণ কী শুধুই শিক্ষিত ভদ্র সমাজের উদাসীনতা না সমাজের মূল স্রোতের বাইরে বিকল্প কোনো গোপন স্রোতে এই মেয়েদের ইতিহাস নির্মিত হয়ে চলেছিল। যার সন্ধান পাওয়া সহজ ছিল না। নন্দিতা বসু উল্লেখ করেছেন বিখ্যাত সংখ্যাতাত্ত্বিক প্রশান্তকুমার মহলানবিশের পিতা গুরুচরণ মহলানবিশের আত্মজীবনীর শুরুতেই এক ভরার মেয়ের কথা বলা হয়েছিল। কিন্তু তার সম্বন্ধে আর বিশেষ কোনো তথ্য দেওয়া হয়নি।<sup>১০</sup> সেই সময়কার ঘটক পরিবারের সঙ্গে ভরার মেয়েদের যোগাযোগ এবং একই রকমের সংযোগ ছিল বনেদী গোস্বামী বংশের পাটবাড়িগুলির সঙ্গে। অর্থাৎ অবক্ষয়িত বৈষ্ণব সমাজের ইতিহাসের সঙ্গে জড়িয়ে গেছে উচ্চ শ্রেণির হিন্দু সমাজের কৌলিন্য প্রথার ফসল ভরার মেয়েদের কথা। হিন্দু সমাজের পরিত্যক্ত মেয়েদের পুনর্বাসনের জায়গা হয়েছিল বৈষ্ণব পাটবাড়িগুলি। কুলীন ঘরের কন্যা যাদের বিবাহ দেওয়ার আর্থিক সামর্থ্য অভিভাবকদের ছিল না এবং স্বামী পরিত্যক্ত মেয়েরা যাদের নামে মাত্র বিয়ে হয়েছিল, স্বামী ফিরে আসার আর কোনো সম্ভাবনা ছিল না তাদেরকে ‘তামা-তুলসী-গঙ্গাজল’ দিয়ে প্রতিজ্ঞা করিয়ে ভরার ঘটকের হাতে তুলে দেওয়া হত। এই প্রতিজ্ঞা ছিল উপহাস মাত্র। কিছুদিন পর জীবিত মেয়ের ঘটা করে শ্রাদ্ধ করে অভিভাবক জানিয়ে দিতেন, দূর সম্পর্কীয় কোন এক আত্মীয়ের বাড়িতে গিয়ে মেয়েটির মৃত্যু হয়েছে। এই ভাবে নিজেদের মেয়েদের পাচার করে কুলীন ব্রাহ্মণরা নিজেদের কৌলিন্য বজায় রেখেছিল বহু শতাব্দী ধরে।

এই ভরার ঘটক গোষ্ঠী বিবাহের বাজারে সমাজ বন্ধন প্রাচীরের তলদেশে সুড়ঙ্গ কাটিয়া রাত্রের অন্ধকারে কুলীন সমাজে বাড়তি কন্যা পাচার করিয়া দিবালোকে অকুলীন বাজারের ঘাটতি পূরণের ব্যবসা প্রায় তিনশত বৎসর চালাইয়াছিলেন।<sup>১১</sup>

গোস্বামী প্রভুদের শ্রীপাটে শিষ্য-ভক্তদের বিধবা কন্যা জমা দেওয়ারও রীতিও ছিল। এছাড়াও বিভিন্ন মোহন্তদের পরিচালনায় যে সমস্ত আখড়াগুলো তৈরি হয়েছিল সেখানেও ভরার মেয়ে ও বিধবা মেয়েদের জমা দেওয়া হত। 'টহলিয়া বাবাজী'রা মহন্তের অধীনে থেকে গ্রামে গ্রামে ভিক্ষা করতেন এবং অনাথ বিধবা মেয়েদের খোঁজ খবর রাখতেন। প্রয়োজনে তাদের বৈষ্ণবীয় আখড়ায় নিয়ে আসতেন। গোস্বামী প্রভুদের শ্রীপাটে এদের কষ্ট বদল করে বিবাহ করা চালু ছিল। এই রকম বিবাহে জাতিভেদ, মেয়েটি অবিবাহিত না বিধবা কিছুই গ্রাহ্য করা হত না। যে সমস্ত মেয়েদের দোল পূর্ণিমার মধ্যে বিবাহ দেওয়া সম্ভব হত না তাদের আনা হত খেতুরী, রামকেলী, ধামরাইয়ের বৈষ্ণব মেলায়। যারা অতি অল্প ব্যয়ে সঙ্গিনী সংগ্রহ করতে চাইতেন তারা গোস্বামী গদীতে নির্দিষ্ট অর্থ জমা দিয়ে অনুমতি পত্র নিতেন। একে বলা হত 'পত্নী করা'। গদীর সামনে সার্কাসের তাবুর মত ঘর করে যেখানে মেয়েদের রাখা হত সেই ঘরের নাম ছিল 'কাগুরী'। কাগুরীর ছড়িদারের হাতে পত্নী জমা দিলে তারা মেয়ে পছন্দ করার সুযোগ পেতে না। পূর্বেই বলা হয়েছে শুধু হাতের আঙ্গুল দেখে তাদের সঙ্গিনী পছন্দ করতে হত। মেলার শেষেও যাদের গ্রাহক জুটত না তাদের নীলামে বিক্রি করা হত। ধনী গৃহে তারা গৃহদাসী হিসাবে ক্রীত হত। অষ্টাদশ শতাব্দীর শেষদিকে মনুষ্য বিক্রয় পত্রের নিদর্শন পাওয়া যায়। গোপীচন্দ্রের গানে পাই খাজনা মেটানোর জন্য দরিদ্র কৃষক লাঙ্গল হাল বিক্রি করার পর দুগ্ধপোষ্য শিশুটিকেও বিক্রি করতে বাধ্য হচ্ছে। মনুষ্যত্বের অবমাননার এই ধারাবাহিক ইতিহাসের শরীক ছিল ভরার মেয়েরা।

ভরার মেয়েদের গান যদি আমরা বিচার করি তাহলে দেখবো নিষ্ঠুর সামাজিক বিধানকে তারা তাদের দুর্গতির জন্য দায়ি করেছে। অভি ভাবকেরা তাদের প্রতি দয়াহীন, মমত্বহীন হয়েছে এই সমাজের মুখের দিকে তাকিয়ে। টাকা পয়সা দিয়ে নতুন যে মানুষটির সঙ্গে তার বিয়ে হয়েছে সেখানে যে সুখ নেই, সেই রীতি যে সে অন্তর থেকে মেনে নিতে পারেনি তা বোঝা যায় নানা উক্তি থেকে।

যেমন –

ভরা পাড়া ঘটক রে,

আরে ঘটক ট্যাকাকড়ি খাইয়া।

বৈদেশে গাবরের ঘরে

আমারে দিছে বিয়া।

১২

এই বিবাহিত জীবনের প্রতি ধিক্কার ছত্রে ছত্রে উঠে এসেছে। -

যাইও যাইও যাইওরে নাইয়া

আমার বাপের বাড়ীত যাইও।

অভাগী কইন্যার কথা

বুঝাইয়া কইও।।

পরানে না বাঁচিব রে আমি

এই বেবানে পড়িয়া।

ও উজান দেশের নাইয়া।

১৩

ভরার মেয়েদের নিজেদের মতামতের কোনো গুরুত্ব ছিলনা। তাদের অভিমতের অপেক্ষা না রেখে হস্তান্তরিত করা হত তাদের। জীবনের এই নিষ্ঠুর পরিণতিতে তাই তাদের অন্তর পাথর হয়ে যাওয়া স্বাভাবিক।

ভরার মেয়ের বারোমাসীর মধ্যেও তাদের ফেলে আসা পূর্বজীবনের সুখ স্মৃতি ঘুরে ফিরে এসেছে। আর এসেছে কোনোদিন পিতৃগৃহে না ফিরতে পারার অশ্রু ভেজা দীর্ঘশ্বাস। পরিবার পরিজন থেকে বিচ্ছিন্ন হওয়া আত্মার আক্ষেপ। সত্যবতী গিরি অনুমান করেছেন এ সৃষ্টি অনামী কোনো অন্তঃপুরিকার।<sup>১৪</sup> এর তেমন কোনও প্রমাণ না থাকলেও এ কথা বলাই যায় যে অভাগী মেয়েগুলোর মুখে মুখেই পরম্পরায় বাহিত হয়েছিল এই গান। ক্ষিতিশচন্দ্র মৌলিক লিখেছেন শ্রীহট্ট ও ত্রিপুরায় এমন অনেক গান ছড়িয়ে আছে। যা তাঁর পক্ষে সংগ্রহ করা সম্ভব হয়নি। বোঝা যায় এমন দুর্ভাগা মেয়েদের অভাব ছিল না সমাজে।

উনিশ শতকে প্রকাশিত বৈষ্ণব গুরুদের কেছামূলক বইগুলো দেখলেই বোঝা যায়, এই সময়ের নতুন চেতনা সমাজের এক শ্রেণির মানুষদের একেবারেই স্পর্শ করেনি। প্রাগাধুনিক পর্ব অতিক্রম করে উনিশ শতকে এসেও নারী জীবনের সামাজিক বাস্তবতার তেমন পরিবর্তন হয়নি। এমনকি বিশ শতকেও ভাগ্যহত মেয়েরা বৈষ্ণব

গুরুদের আশ্রমে আশ্রয় খুঁজেছে, জীবন ধারণের বিকল্প ভূমির সন্ধান চালিয়ে গেছে। বিভিন্ন শতকের ভিন্ন ভিন্ন আর্থ সামাজিক প্রেক্ষাপটে নারীর সংকট অবশ্যই বহুমাত্রিক ও পরিবর্তনশীল।

আজও সমাজে ধনী শিক্ষিতা মেয়েরা যে সামাজিক মর্যাদা, সুযোগ সুবিধা পায় দরিদ্র ঘরের মেয়েরা তা নিশ্চিত ভাবেই পায়না। অর্থ বৈষম্য, লিঙ্গ বৈষম্যকে তীব্র করে। যদিও আজকাল অনাথিনী, বিধবা মেয়েদের জন্য সরকারী হোম- এর ব্যবস্থা আছে। তবুও সে সুবিধা নিতে পারে কয়'জন মেয়ে? স্বেচ্ছায় বা বাধ্য হয়ে বিকল্প জীবনের সন্ধানে কোনো গুরুর আশ্রমে এসে পৌঁছায় এই সমস্ত ভাগ্যহত মেয়েরা। গ্রামে গঞ্জে বৈষম্যবীয়া আখড়া, আশ্রম, শ্রীপাটে এখনও সমাজ পরিত্যক্ত মেয়েদের ভীড়। তারা গুরুর সাধনার উপাচার হিসাবে নিজেদের তুলে দেয়। এ পথে কী সত্যিই শান্তির খোঁজ মেলে? এ নিয়ে বহু বিতর্ক থাকতে পারে কিন্তু এ জীবন যে নারীর কাছে সম্মানের নয় তা বোঝাই যায়।

কঠোর সামাজিক বিধান ও দরিদ্রতার চেহারাটা ঘুরে ফিরে একই রকম থেকে গেছে। প্রকাশ্যে নারী পাচার এখন আড়াল খুঁজে নিয়েছে। ধর্ষিতা, বিধবা, স্বামী পরিত্যক্ত, অভিভাবক হীন মেয়েরা লাঞ্ছনার হাত থেকে মুক্তি পেতে বিকল্প জীবনে ডুব দেয় আজও। ভারত মেয়েদের মতই হয়তো তাদেরও স্মৃতি রোমন্থন চলে, অন্য কোনো বারোমাসীর গান তৈরি হয়। তার সন্ধান আমরা শহুরে শিক্ষিত মানুষেরা কতটুকুই বা রাখি?

বৈধব্য সমাজে 'ডিমোশন' এখনও। পতির গর্বে সতীর অহঙ্কার। সে না থাকলে স্ত্রীর অস্তিত্ব কোথায়? কিংবা স্বামী যদি ত্যাগই করে তবে সে মেয়ে সংসারে কতটা কান্ডিত থাকে? দরিদ্র ঘরে এই মেয়েদের ভূমিকা থাকে কতটুকু? তারা শ্বশুরবাড়ি বা বাপের বাড়িতে গাছপালা, আসবাবপত্র, গরু-ছাগলের সঙ্গে মিশে থাকে অনুর মতো। আমাদের সমাজব্যবস্থায় যা কিছু প্রাপ্তি ধনী ও শিক্ষিতদের। দরিদ্র পরিবারের পারিপার্শ্বিক পরিবেশ মেয়েটিকে সিদ্ধান্ত নিতে শেখায়। মেয়েটি পায় পায় আশ্রমের চৌহদ্দির মধ্যে এসে দাঁড়ায়। ভুঁই ফোঁড়ের মতো গজিয়ে ওঠা কোনও আশ্রমের গুরুর পায় নিজে কে সঁপে দেওয়ার মধ্যে খোঁজে শান্তির পথ।<sup>১৫</sup>

এখন আর ব্যাপক ভাবে না হলেও সমাজের কিছু অংশে গ্রামে গঞ্জে এই বাস্তবতা বদল হয়নি। আশ্রমে, আখড়ায় এখনও মেয়েরা নিজেদের অস্তিত্বকে বাঁচিয়ে রাখার প্রাণপণ চেষ্টা চালিয়ে যাচ্ছে। শিল্পের মধ্যে, গানের মধ্যে আত্মপ্রকাশ করতে চাইছে।

যে কোনো ধর্মেই পুরুষের সাধন পথে মেয়েরা শুধু ব্যবহৃত হয়। নারীরা সাধনার অপরিহার্য অঙ্গ অথচ নারীদের নিজস্ব কোনো প্রাপ্তি নেই, অন্যের সহযোগিতা ও সাধন পথের সঙ্গী হিসাবে তাদের পরিচয়। কঠোর সামাজিক অনুশাসন মেয়েদের যে এই বিকল্প পথ দেখায় সেখানেও তো পুরুষেরই সর্বাঙ্গিক প্রাধান্য। সম্প্রতি ‘বোধিধ্রু’ নামে একটি নাটক লিখেছেন বাংলাদেশের নাট্যকার সাইমন জাকারিয়া। সেখানে তিনি চর্যাপদের চরিত্রগুলির মধ্যে নতুন যুগ চেতনা ও দ্বন্দ্বের সঞ্চারণ করেছেন। বিনির্মাণের পথ দিয়ে যে নতুন নির্মাণে নাট্যকার পৌঁছেছেন সেখানে ব্যক্তি চেতনা থেকে জন্ম নেওয়া মেয়েদের প্রশ্নগুলো সাধন পথের এক ঝাঁক নীতির বিরুদ্ধে সোচ্চার প্রতিবাদ –

কুকুরীকে ডোষী তাদের সাধন পথে মেয়েদের অবহেলার দিকটাকে নির্দেশ করে বলে –

যে পিপাসা একজনকে নিয়ে যায় তৃপ্তিতে – বোধিচিন্তে ... আরেক জনকে ছুড়ে ফেলে দেয় যন্ত্রণায়  
বেদনায়... সে কেমন পিপাসা বলো তো কুকুরী?<sup>১৬</sup>

আবার বন্ধীকে সে প্রশ্ন করে –

আমি কি কেবলই ওদের বোধিচিন্ত – মোক্ষের জন্য ব্যবহৃত হবো... ১৭

এই প্রশ্ন সেই সমাজকে যা পুরুষের কর্মধারা ও উচ্চাকাঙ্ক্ষাকে স্বীকৃতি দেয় আর নারীকে তাদের উপযুক্ত সঙ্গী হতে বলে। নারীকে ‘দেবী’ বা ‘মূল শক্তি’র তকমা এঁটে ভুলতে বাধ্য করে তাদের নিজস্ব সত্তাকে। যেন অন্যের কার্জ সিদ্ধির পথে বিলীন হয়ে যাওয়াতেই তাদের সার্থকতা। বিকল্প সমাজ ধারার, বিকল্প পথগুলো নারী পক্ষে কতটা নিরাপদ ও সুরক্ষিত সেই প্রশ্ন আজও থেকে যায়।

সূত্র নির্দেশ ও মন্তব্য

১. বন্দ্যোপাধ্যায় তারশঙ্কর, *তারশঙ্কর রচনাবলী*, কলকাতা, মিত্র ও ঘোষ পাবলিশার্স, পৃ. ২৯২

২.. Risley H.H., *The Tribes and Castes of Bengal*, (Volume-2), Calcutta, Firma Mukhopadhyay, 1981, P. 344-45

৩. Ward W. , *Account of the writings, Religion and Manners of the Hindoos* (4, Vols), Serampore Printed at the Mission Press, 1811, P. 262

৪. বিস্তৃত আলোচনার জন্য দ্রষ্টব্য -

দাশগুপ্ত শশিভূষণ, *শ্রীরাধার ক্রমবিকাশ দর্শনে ও সাহিত্যে*, কলিকাতা, এ. মুখার্জি এন্ড কোং লিঃ, ১৩৫৯, পৃ. ২৫১-২৬৪

৫. মজুমদার বিমানবিহারী, *শ্রী চৈতন্যচরিতের উপাদান*, দ্বিতীয় প্রকাশ, কলকাতা, সংস্কৃত বুক ডিপো, ২০১৬, পৃ. ৫৭৯

৬. সেন সুকুমার (সম্পা.), *চৈতন্যচরিতামৃত*, কলকাতা, সাহিত্য আকাদেমি, ২০০৯, পৃ. ৫

৭. বিস্তারিত আলোচনার জন্য দ্রষ্টব্য -

মুখোপাধ্যায় তুহিন , *চৈতন্য আন্দোলন ব্রাহ্মণ্যবাদ ও বৈষ্ণবীয় বিবাহ বিচিত্রা* , কলকাতা, পত্রলেখা, ২০১৮, পৃ. ১৫২-১৬০

৮. এ প্রসঙ্গে এক ঢাকাই বোষ্টমদের গানের উল্লেখ করেছেন রমাকান্ত চক্রবর্তী। গানটি হল -

পাঁচসিকার বৈষ্ণুমী ধনি! তুই লো আমার

আরে তর মান বাড়াইমু কত আর।।

বিস্তারিত আলোচনার জন্য দ্রষ্টব্য -

চক্রবর্তী রমাকান্ত, *বঙ্গে বৈষ্ণব ধর্ম*, চতুর্থ মুদ্রণ, কলকাতা, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, ২০১১, পৃ. ১৪৩-১৪৯

৯. মৌলিক ক্ষিতিশ চন্দ্র, *প্রাচীন পূর্ববঙ্গ গীতিকা* (৪র্থ খণ্ড) ফার্মা. কে. এল. মুখোপাধ্যায়, পৃ. ১৯৭-২২৩

১০. নন্দিতা বসু, 'ভরার মেয়ের সম্পর্কে দু'চারটি কথা', *পরশ তোমার : অধ্যাপক বরুণকুমার চক্রবর্তীর প্রতি*

*শ্রদ্ধার্ঘ্য*, মণ্ডল বিজয়কুমার (সম্পা.) , পুস্তক বিপণি, ২০১৩, পৃ. ৪১১-৪১৭

১১. মৌলিক ক্ষিতিশ চন্দ্র , *প্রাচীন পূর্ববঙ্গ গীতিকা* (৪র্থ খণ্ড), ফার্মাকে. এল. মুখোপাধ্যায়, পৃ. ২০৩
১২. ঐ, পৃ. ২০৮
১৩. ঐ, পৃ.২০৯
১৪. “গানগুলির বিষয়, আর বারমাসী দেখে মনে হয়, এর রচয়িতা অজ্ঞাত পরিচয় অন্ত:পুরচারিকারাই”। -  
গিরি সত্যবতী , ‘ভরার মেয়ের গান’, কলকাতা, লোক সংস্কৃতি গবেষণা পত্রিকা , সনৎকুমার মিত্র (সম্পা.) ৯ বর্ষ,  
৩ সংখ্যা, ১৪০৩, পৃ. ২৬৯
১৫. চাকী লীনা, *বাউলের চরণ দাসী*, পরিমার্জিত ও পরিবর্ধিত সংস্করণ, কলকাতা, গাঙচিল, ২০০৯, পৃ. ২৮
১৬. জাকারিয়া সাইমন , *নাটক সংগ্রহ*, ‘বোধিদ্রুম’, ঢাকা, অ্যাডর্ন পাবলিকেশন, ২০১০, পৃ. ৮৪
১৭. ঐ, পৃ. ৭৯

---

Dr. Paramasree Dasgupta is an Assistant Professor at the Department of Bengali, Tripura University. She has done her PhD on Pre-modern Bengali Literature from Calcutta University.  
Email : paramasreedasgupta@tripurauniv.in

**LITERATURE TEACHING FOR AFFECTIVE AND PSYCHOMOTOR SKILL  
DEVELOPMENT IN THE LEARNER—AN ALTERNATIVE PARADIGM**

Dr Somdev Banik

&

Debasish Acharjee

*Abstract*

Traditionally, the teaching of a literary text (e.g. a novel) in a classroom involves interpretation, analysis, evaluation and critical commentary on the text concerned to inculcate moral, cultural and universal values in the learner. In our present times, such value-based literature pedagogy is often inadequate and irrelevant to the needs of the 21st-century learner. Conversely, knowledgeable and well informed though they are, such learners often are inept in handling emotions and right attitudes to confront life's vicissitudes. In this paper, we attempt to evolve an alternative pedagogy of literature teaching. In that, we analyse the trajectory of a plot and 'change of fortune' in a novel from the perspective of emotional disbalance, attitudinal idiosyncrasy and the behavioural anomaly of the protagonist. Applying Bloom's Taxonomy, this study proposes a shift from a cognitive domain-based pedagogy to one which attempts to develop affective and psychomotor skills in the learners to achieve holistic development of their personality. As an instance, we present Dr Aziz's character from *A Passage to India* (1924) to explain this alternative pedagogy.

**Keywords:** soft skills, emotion, attitude, behaviour, affective and psychomotor development, pedagogy.

---



## Introduction

Pedagogy in literature has roots in ancient pedagogy of classical language instruction (Latin and Greek languages) based on a top-down approach where the teacher makes all the decisions. At the same time, a student's role was to follow what the teacher said and 'get them right'. Learning was once limited to imitating the rules and reproducing them correctly. In this approach which was also called 'magisterial rightness', what the teacher said was 'right' and 'prescriptive', while the students' opinion hardly mattered. In the 21st century, where content-based traditional study materials are already available on the internet, the conventional literature teacher's role in the classroom has changed, in that s/he is not someone whose job is to transfer content (like Physics or Mathematics). Instead, today s/he is required to train the learners and develop their skills.

As literature reflects life and society, the pedagogy in literature ought to be existential in that it should study literature with the vicissitudes of human experience and existence in perspective. A teaching plan should therefore also reflect these existential prerequisites: the need for building a holistic personality, how to deal with the learner's doubts and fears about success, the need for affiliation with others, the unavailability of dealing with families, the need for friends and companions, the uncertainty of luck, the commonality of the physical senses, the frailty of the flesh, the certainty of loss and grief, the inevitability of death. Such pedagogy can only foster the student's integral growth—intellectual, personal, social and emotional.

According to Ellie Chambers and Marshall Gregory, the teaching of English literature today is "a related instrumental pedagogic discourse of measurable 'learning outcomes' and skills' transferable' to the workplace, underpinned by a so-called learner-centred ideology." (*Teaching and Learning English Literature*, p. 1) Holistic teaching of literature has to aim to develop skills

such as clear thinking, analysis, free writing, listening, speaking, reasoning, imagining, creativity, expression, perception, sensitivity, observation, empathy, introspection, awareness, consciousness, etc. to enable learners to live their daily lives.

In a traditional Indian classroom, the teaching of a novel principally adopts the following major steps: **introduction** to the text and its author; discussion of the **plot summary**; description of important **characters** as well as a character's role in the text and relationship the character has to other characters; analysis of important **themes**; explanation of the **literary techniques** and movements demonstrated in the text; and finally, information on the literary and historical **background** that inform the work, the important **style** elements of the novel, such as **setting, point of view, and narration**. In **critical overview**, we discuss the critical reputation; and in **criticism**, we discuss critical evaluations of the text and excerpts from previously published criticism.

In traditional literature pedagogy, teaching is all about learning-and-knowing (of information, facts, data). However, we must admit that such a learning-and-knowing method cannot guarantee the development of the learners' **behaviour, emotions, and attitude**. Learning is a process and not merely a collection of factual information, data. Learning, which aims to acquire knowledge alone, is partial learning and hence insufficient. So, despite having acquired knowledge through formal education, a learner is often seen to struggle with behaviour, emotional and attitudinal issues. Moreover, if learning is said to be a 'change in behaviour', then, to what extent can we affirm that this traditional method of this pedagogy has successfully attained this goal? Consequently, it shall be justifiable to state here that learners need to be specifically trained in these domains of emotion, attitude and behaviour so that they, in the

process of their learning and development, successfully progress through the **affective** and **psychomotor** domains of Bloom's Taxonomy.

In this alternative approach, we view a literary text as an interplay and conflict of errant emotions, behaviours and attitudes, manifested through typical behaviour patterns, causing the plot to progress in a certain way. By analysing these under-formed or ill-formed emotions and their reactions within a plot, for instance, the learner may be trained to visualise and reflect on themselves similar issues and practice to overcome them through the skills and techniques they acquire in the classroom. Consequently, when they acquire soft skills (life skills or human skills), they emerge as psychologically mature human beings.

In this study, we present an example of Dr Aziz's character in E.M.Forster's novel *A Passage to India*. We try to show how the incongruities of emotion, attitude and behaviour present in Dr Aziz's character cause him to undergo all the troubles and sufferings he had in the story. Finally, he overcomes them and grows into a matured human being.

### **Soft Skills as Life/Human Skills**

Soft skills (also called life skills or human skills), distinguished from hard skills or technical skills, refer to skills such as emotional intelligence, behaviour (e.g. body language, eye contact, space distancing, etc.), attitude, self-esteem, self-confidence, motivation, effective communication skills, Etc. According to Durowoju and Onuka, "Soft skills are personal characteristics or qualities an individual possess, which enable him to relate well with people in any organisation: be it family, workplace, religious setting, or the society at large." (*Journal of Emerging Trends in Educational Research and Policy Studies*, Oct. 2014)

Soft skills are an indispensable requirement for a 21st-century learner-centric classroom, and literature is an embodiment of these skills is not any hidden fact. Thus, literature pedagogy is well-suited to impart these skills.

According to Benjamin Bloom (*Taxonomy of Educational Objectives*, Bloom, et al. 1956), there are three stages through which a learner passes in the process of his learning and development: **cognitive**, **affective** and **psychomotor**. The traditional teaching of literature bases itself on this **cognitive** aspect of disseminating knowledge involved in the analytic study of the context, plot, characters, situations, narratives Etc. of a literary text. On the other hand, developing affective and psychomotor skills in the learner is about **non-cognitive** learning.

Soft skills are many. In this paper, we choose three soft skills: **emotions**, **attitude** and **behaviour**, to analyse the character of Dr Aziz. We discuss each of these skills briefly below.

### **Emotion**

There are six basic emotions: **joy**, **love**, **surprise**, **sadness**, **fear** and **anger**. ("A Complete List of Human Emotions and Their Real Meanings." Buzzle.com, 1 March 2017.) We call them "basic" (or "primary") because they have been there in us ever since our primate ancestors lived. Moreover, they are also shared universally by humanity. There are subtypes of these basic or primary emotions grouped under secondary and tertiary levels. There exist multiple views on what are called basic emotions. Opinions also vary with how many different types that these emotions could exist. There have been attempts to organise and systematically list each of these emotions in the **Periodic Table of Emotions**.

In the Indian aesthetics of Rasa theory (Bharat Muni), there are eight primary *rasa-s*

(emotions): *sringaram*, *hasyam*, *raudram*, *karunyam*, *bibhatsam*, *bhayanakam*, *veeram* and *adbhutam*. After the addition of *shantam* to this list, it became the ninth *rasa*. Further, two more *rasa-s* *vatsalya* and *bhakti* were also added in the context of literature, making it a total of eleven. We understand these primary *rasa-s* in the context of three *bhava-s* or state-of-mind which create *rasa-s*: *sthayi* (eight kinds), *sanchari* (33 kinds) and *satvik* (eight kinds). (Buchta, David. "Rasa Theory." Academia.edu.)

### **Attitude**

Eagly and Chaiken (1993) define attitude as a psychological tendency expressed by evaluating a particular entity with some degree of favour or disfavour. According to Katz and Stotland (1959), attitudes encompass cognitive, affective and behavioural components. People form attitudes based on their cognitive, affective and behavioural responses to an entity (Eagly&Chaiken 1993, 1998; Zanna&Rempel 1988).

Attitudes can be either **positive** or **negative**. People with a positive attitude are always caring, confident, patient and humble. They have a pleasing personality that inspires others. On the other hand, people with a negative attitude have difficulty keeping friendships, are full of bitterness towards almost everything, have a purposeless life, and suffers from ill health and a high-stress level. They blame the whole world – parents, teachers, authority, government, stars, fate, luck, etc., for their failures. They often stick to their pasts, have fixed thoughts, have dreams but do not know how to realise them, strive hard, but often fail to fulfil their wishes, and so on.

### **Behaviour**

As people tend to betray a moderate degree of consistency in their behaviour (even though it may be a 'consistent inconsistency'), authors and novelists portray individuals who

behave in ways that are in keeping with their characters. We immediately recognise any behaviour as false, which is not in sync with the person's character the novelist draws.

Behaviour analysis is a discipline that has three primary branches (Roane, H S, A M Betz. "Behavior Analysis". *Encyclopedia of Human Behavior*. Vol.1. Pp.267-273):

- (a) **behaviourism**, which focuses on the world view or the philosophy of behaviour analysis
- (b) **the experimental analysis of behaviour** (EAB), which focuses on identifying and analysing the basic principles and processes that explain behaviour and
- (c) **applied behaviour analysis** (ABA), which focuses on solving problems of social importance using the principles and procedures of behaviour analysis.

Human personality is a function of both - heredity as well as the environment that one inhabits.

#### **An example of a character: Dr Aziz from *A Passage to India* (1924)**

The novel *A Passage to India* is a story in three parts viz. Mosques, Caves and Temples set in the city of Chandrapore in colonial India, where Dr Aziz, a Muslim physician, is the central character. Cyril Fielding, an Englishman and Principal of a Government College, befriends him, and gradually events unfold, leading to an incident at the Marabar Caves. Following this, the police arrests Aziz on a charge of rape against the English lady Adela Quested, the fiancée of the City Magistrate Ronny Heaslop. Finally, he is acquitted when the Lady withdraws her charge. However, the story continues till such time when Dr Aziz writes a letter to Adela Quested in which he admits his mistakes, praises her honesty and promises to remember the sacrifices she made for him.

The extracts from the text below show how Aziz's emotional immaturity, attitudinal discrepancies, and behavioural failings contribute primarily to his tragedy. The dramatic

situations in which Foster often places Aziz may be read as deliberate attempts on the author's part to point out such incongruities in the protagonist's character. With his failings, the author consciously makes Dr Aziz endure his challenges in his effort to transform into an intellectually, emotionally and behaviorally mature human being.

**Example 1:** In Chapter II, when Dr Aziz arrives at Hamidulla's house for dinner, the author informs us about him:

'He was all animation.'<sup>1</sup>

That is how Forster first introduces us to Dr Aziz. Later,

'Aziz...began quoting poetry, Persian, Urdu, a little Arabic. His memory was good, and for so young a man he had read largely; the themes he preferred were the decay of Islam and the brevity of Love.'<sup>2</sup>

This remark from the author helps us know Aziz better and makes sense as we read the novel.

Once they finish discussing the matter they were having dinner, a *chuprassi*<sup>3</sup> arrives with a note from Old Callendar, who has sent for Dr Aziz. Aziz sees the note and is animated. He yells, "I daresay not, I daresay nothing. He has found out our dinner hour, that's all, and chooses to interrupt us every time, in order to show his power."<sup>4</sup> When he begins to leave, his friend asks him to clean his teeth first because they are red with the pan. But he rants, "Civil Surgeon must put up with it."<sup>5</sup>

He grabs the bicycle and rushes forward. As he reaches Major Callendar's bungalow, 'depression suddenly seizes him. He now felt caught in 'English meshes'.<sup>6</sup> 'When he turned (sic) into Major Callendar's compound',<sup>7</sup> he stops his carriage just outside the flood of the light and, immediately getting down from it, starts proceeding towards the bungalow on foot. He was feeling too sensitive to be snubbed. He recalls an incident when an Indian gentleman was 'turned

back by the servants<sup>8</sup> from one of the bungalows and was 'told to approach more suitably.'<sup>9</sup>When he reaches the entrance, a servant informs him that the Civil Surgeon has already left the place and that he has not left any note for him either. That leaves Aziz in despair. He says, "Damn Aziz".<sup>9</sup> He starts thinking that perhaps it is because he has forgotten to tip the servant that the latter is withholding some message. 'He was convinced that there was a message.'<sup>10</sup>Meanwhile, two ladies were seen coming out of the bungalow. Aziz lifts his hat as a gesture. They ignore him while they hasten, looking towards where the carriage was parked. Seeing the carriage empty, they looked towards Aziz, trying to inquire if the carriage belonged to him. However, Aziz stays quiet, giving away just a blank look. Perhaps, his inhibitions had overwhelmed the thoughts that rendered him speechless. On getting no response from him, the ladies happily jump into it and leave. Once the carriage starts receding out of the flood of the light, Aziz calls out courteously, "You are most welcome, ladies."<sup>11</sup> However, they do not take any notice of it, and he feels completely ignored: 'So it had come, the usual thing—his bow ignored, his carriage taken away—the inevitable snub.'<sup>12</sup>

However, he tries to comfort his inhibitions, thinking that both the ladies were fat and would weigh the carriage down since 'beautiful women would have pained him'<sup>13</sup>. Then, he turns towards the servant and bribes him in a bid to prise out the truth he was supposedly withholding. But the poor servant repeats the same statement he had already said. Having not got to hear what he had thought Aziz feels he should write a letter about his arrival for the Civil Surgeon. He asks the servant for a piece of paper and ink, and begins to write, "Dear Sir,—At your express command I have hastened as a subordinate should—"<sup>14</sup>, and then stops and tears it away. He then asks the servant to tell the Civil Surgeon about his visit and leaves. Strange feeling of



disappointment overpowers him as he walks out of the bungalow. He feels completely defeated. He wishes 'to escape from the net and be back among manners and gestures that he knew'<sup>15</sup>.

The lines from the text cited above speak volumes about the emotion, attitude, and behaviour of Dr Aziz. According to the author, Aziz is 'all in animation'. True, the way he reacts when he sees the note from Callendar shows his animation. Perhaps, there could be a genuine reason for this if we remember how Aziz was enjoying sucking the hookah at Hamidulla's: 'He lay in a trance, sensuous but healthy...'<sup>16</sup> Since, Major Callender's note arrives when 'he lay in a trance', there is no reason to disbelieve the peace of an emotional man like him has been disturbed. However, his 'animation' also begins to fade off once he hits the road. He stops on the way and 'clean(s) his teeth'<sup>17</sup>, which he had earlier opposed when his friend had suggested. That is the level of his eccentricity—either 'all in animation' or dampened.

Let us recount the incidents at the Major's bungalow and see what it implies for Aziz.

*First*, his judgement about the servant that he was withholding some message turned out to be incorrect.

*Then*, without considering if the two stranger ladies coming out of the bungalow had noticed him, he lifted his hat and greeted them.

অংশীদার হয়ে সংযমে, দায়িত্বে-কর্তব্যে, নৈপুণ্যে, আচার-আচরণে, জুমচাষে, শৌর্য-বীর্যে, প্রকৃতি বিষয়ক জ্ঞানে মৃত্তিকাসংলগ্ন আরণ্যক জীবনের প্রতিনিধিস্থানীয় চরিত্র হয়ে উঠেছে। একই জীবনভাবনা থেকে লোককবির মানসলোকে বেড়ে উঠেছে চঞ্চলা, চপলা, সরলমতী, সুন্দরী নারী ধনপুদি। নৃগোষ্ঠীর সমাজ-প্রতিবেশকে অঙ্গীকৃত করে ধনপুদির জীবনমানস ও প্রেম ক্রম পরিণতির দিকে যাত্রা করেছে। সেও আর পাঁচটা চাকমা যুবতীর মত তরকারির খোঁজে ‘ফুল্লোং’ পিঠে ঝুলিয়ে জুমে যায়, কলার মোচা তুলতে গিয়ে বোলতা তার শরীরে হুল ফোটায় দেয়, সেই বিষ বেড়ে নামানো হয়। আবার প্রিয়জনের জুমে যাবার দিন ভোরে উঠে ভাত রান্না করা, বিজু উৎসবে মনের মানুষকে জন্মে জন্মে পাবার আশায় গঙ্গামাকে ফুল নিবেদন, চলারফেরায় সামাজিক স্বাধীনতা উপভোগ - এসব কিছুই সম্মিলনে চাকমা নৃগোষ্ঠীর নারী যেমন মূর্ত রূপ পেয়েছে ধনপুদির চরিত্রে তেমনি তাদের ধর্মীয়ভাবনারও প্রতিফলন ঘটেছে। প্রেমের প্রকাশে অসঙ্কোচ, বিরহে ব্যাকুলা, প্রেমিকের কাছে নানাধরনের আবদার করা আবার পরোক্ষণেই প্রেমিকের পরিশ্রান্ত শরীরের ঘাম মুছে দেওয়া ইত্যাদি ঘটনার মধ্য দিয়ে ধনপুদির কোমল প্রেমসিক্ত অন্তরের পরিচয় পাওয়া যায়। আবার ‘ফুল পালা’য় ধনপুদির মনের ইচ্ছা পূর্ণ করার জন্য গাছের মগ ডালে উঠে নাকশা ফুল আনতে গেলে সর্প দংশনে অচেতন্য হয়ে রাধামন জলে পড়ে যায়। এমতাবস্থায় কোনরকমের আর্তনাদ না করে সে জলে ঝাঁপিয়ে পড়ে এবং সাঁতার কেটে প্রেমাস্পদকে উদ্ধার করে সর্পবিষ ঝাড়ার মন্ত্র পড়ে রাধামনকে বিষমুক্ত করে। সমাজ ও পারিপার্শ্বিকতার প্রেক্ষাপটে প্রাত্যহিক জীবনে ব্যক্তিগত ঘাত-প্রতিঘাতের মধ্য দিয়ে ধনপুদির প্রেম শাস্ত্র রূপ লাভ করেছে। এই দুই প্রধান চরিত্র ছাড়াও অন্যান্য চরিত্রগুলি যথা রাধামনের বাবা জয়মঙ্গল, ধনপুদির বাবা ও মা, রাধামন ও ধনপুদির শৈশব ও যৌবনের নানা ক্রিয়া-কর্মের সাথী (নিলংধন-নিলংবি, ফুজকধন-ফুজকবি, মেইয়াধন-মেইয়াবি, ছেইয়াধন-ছেইয়াবি), ধনীরাম, চলাবাব প্রমুখ চরিত্রের মধ্যে কোনটাই সমাজ বিচ্ছিন্ন চরিত্র নয়। প্রতিটি চরিত্র ক্রমান্বয়ে বিকশিত হয়েছে চাকমা নৃগোষ্ঠীর আর্থ-সামাজিক, সাংস্কৃতিক জীবনভাবনার প্রেক্ষাপটে।

৩

জীবন মানে বেঁচে থাকা, জীবিকা মানে বৃত্তি। এই বাঁচার জন্য মানুষ প্রাণপণ চেষ্টা করে। বেঁচে থাকার জন্য মানুষ নানা বৃত্তি অবলম্বন করে। চাকমাসহ অন্যান্য ক্ষুদ্র নৃগোষ্ঠীর বেঁচে থাকার ধরনধারণ অন্যদের থেকে একটু আলাদা। অতীতে তাদের জীবন ও সমাজ কাঠামো জুমচাষকে কেন্দ্র করে গড়ে উঠেছিল। আলোচ্য পালার নায়ক-নায়িকাকেও লোককবিরা স্ব-সমাজের জীবন ও মানসভাবনার আলোকে প্রতিষ্ঠা দিয়েছেন। স্বভাবতই নৃগোষ্ঠীর জুমভিত্তিক যুথবদ্ধ আরণ্যক জীবন, গার্হস্থ্য, ব্যক্তি ও পরিবারের সম্পর্ক, ধর্মীয় বিশ্বাস ইত্যাদির পুঞ্জানুপুঞ্জ বর্ণনা রয়েছে ‘রাধামন-ধনপুদি পালা’য়। এই পালায় একদিকে চাকমাদের জুম নির্ভর জীবনের সঙ্গে যুক্ত অন্যদিকে দৈনন্দিক জীবন যাপনে ব্যবহৃত প্রয়োজনীয় নানা উপকরণের উল্লেখ রয়েছে।

চাকমারা প্রধানত বনকে অবলম্বন করে বেঁচে থাকেন। বনের সাথে তাদের আত্মার সম্পর্ক। চাকমাদের অধিকাংশ নিত্য প্রয়োজনীয় উপকরণ জুম এবং বন থেকে আহরিত। তাই চাকমাদের সমাজ জীবন ও সংস্কৃতিতে এর নিবিড় প্রভাব। তারা জুমের ফসল, বন আলু, কন্দ ইত্যাদি বহনের জন্য ‘কাল্ল্যং’, ‘ফুল্লোং’ ব্যবহার করে। কাল্ল্যং, ফুল্লোং মূলত বেত দিয়ে

তৈরি ঝুড়িবেশেষ। এগুলি দৈনন্দিন কাজে যেমন হাট-বাজার, জুমের ফসল এবং গ্রামাঞ্চলে বিবাহ অনুষ্ঠানের দ্রব্য সামগ্রী বহনের কাজে ব্যবহৃত হয়। যেমন –

“স্যাল মাদি পেগেল

ঝড়ান আনি থেগেল

কৈ তোনপাত ভরেয়ে পুল্যাঙ্য দেষেল

ছেয় তলে আঙারা

ছড়াত পাদি চাবারা

পুল্যাঙ্যত দেল আজু মাছ হাঙারা।

জেদেনা কুজি মগলি

ছড়া পারত কড়লি

দেল পুল্যাঙ্যত আজু আ'র চারা চারা বগলি।” ( চাকমা, ২০১৪,৭৪)

বাংলা অনুবাদ : হলুদ মাটি মাখল

হঠাৎ বৃষ্টি থামল

তরকারির খারাংটা দেখাল

ছাইয়ের নিচে অঙ্গার

ছড়ায় পাতি জাল

খারাং-এ রয়েছে কাঁকড়া মাছের পাল।

জুমে লাগাই মকই

ছড়ার পাড়ে কড়ালি

খারাং-এ রোশনাই নানা তরকারির।

পালায় দেখা যায়, ধনপুদি জুমে গিয়ে তরকারি সংগ্রহ করে নিয়ে আসার জন্য দাদু চলাবাবকে প্রয়োজনীয় ফুল্লোং বানিয়ে দেওয়ার জন্য অনুরোধ জানায়। চাকমা যুবক-যুবতীদের কাছে ফুল্লোং খুবই প্রিয়। এই ফুল্লোং বাঁশের সরু বেত দিয়ে তৈরি করা হয়। পাহাড়-জঙ্গলে বাঁশ সহজলভ্য। তাই বাঁশ দিয়ে ফুল্লোং তৈরি করা হতো। চাকমাদের দৈনন্দিন জীবনে বনজ ওষুধ, কাপড়, অলংকার ইত্যাদি ছোট ছোট 'সাম্মুয়া' নামক ঝুড়িতে রাখার বন্দোবস্ত রয়েছে। ধনপুদি রাধামনকে সাম্মুয়া তৈরি করে দেওয়ার জন্যও আবদার করছে। পালাকারের বর্ণনায় –

ক) “চিগোন ছড়াত রেগা দিচ্

মন্তান রানি লং দিচ্

য়েল শাম্মুবুয়া বুনি দিচ্।” ( তদেব, ৩০)

বাংলা অনুবাদ: ছোট ছড়ায় সেতু দিও

মদের ভাতে আগুন দিও

আমার জন্য সবুজ সামুয়া বানিয়ে দিও।

খ) "বেনান বাজেই স্যেং গারেম মঝা মারি চাবেরেম

পিনোন খাদিয়ে ভরেদাক কাজ্যেয়ন ফুল বাড়েং।" (তদেব, ৬৫)

বাংলা অনুবাদ: কোমর তাঁত বানালাম উঁচু করে মশা মারলাম থাপড়ে

কাপড় গোকাল কারুকার্যময় বেতের ঝুড়ি খালি করে।

জুমের তুলা থেকে সুতা কেটে নানাবিধ পোশাক-পরিচ্ছদ তৈরি করা হয়। যেমন মেয়েদের 'পিনন-খাদি', পুরুষদের গামছা, মাথার 'খবং' ইত্যাদি। এগুলি 'বেইন' তথা কোমর তাঁতের সাহায্যে বানানো হয়। বেইন-এর জন্য প্রয়োজনীয় সরঞ্জাম যেমন 'তাগলগ', 'চুচেং বাঁশ', 'ত্রাম', 'সসপদর', 'হাগারাদাদি' ইত্যাদি বন থেকে সংগ্রহ করা হয়। ধনপুদি তার প্রিয় মানুষকে জঙ্গল থেকে বেইনের সরঞ্জামগুলি এনে দেওয়ার জন্য অনুরোধ করে -

“দেবদা পুজত খৈ দিচ্ছেয় বন্দুক মারি টাগিচ্ছেয়

সুচেংক বাশ তাগল্লক দা লৈ দিচ্ছেয়।" (তদেব, ৩০)

বাংলা অনুবাদ: দেবতার পুজোয় খই দিও ভাল করে বন্দুক মেরো

দাদা কোমর তাঁতের সরঞ্জাম এনে দিও।

প্রেয়সীর মান রাখতে রাধামনও জুমের কাজের ফাঁকে এই সরঞ্জামগুলি জোগাড় করে এনে দেয়। চাকমা সমাজে মেয়েরা তেরো চৌদ্দ বছরে পা দেবার পর বেইন বোনা (কোমর তাঁত) শিখে নেয়। বেইন বোনায় পারদর্শী না হলে সচরাচর কোন যুবতী মেয়েকে বিয়ের উপযুক্ত বলে গণ্য করা হয় না। তাই ধনপুদি রাধামনকে বিয়ে করার মানসে নিজেকে বিয়ের উপযুক্ত প্রমাণের জন্য জঙ্গল থেকে এ সমস্ত উপকরণ সংগ্রহ করে এনে দেওয়ার জন্য অনুরোধ করে। ধনপুদির ভীষণ ইচ্ছে 'ফুল খাদি' (আঁচল) বোনার। মনের ইচ্ছেটা সে তার মনের মানুষকে জানিয়েছে এভাবে -

“ঝাগে জুনি উড়ি যার নালি ঘস্যা কুড়েই যার

মর ওচ্ দা ফুল খাদি বুনিবার।" (তদেব, ৩০)

বাংলা অনুবাদ: জোনাকি পোকা উড়ছে জুমের তিল ঝড়ছে

দাদা ফুল খাদি বোনার ভীষণ ইচ্ছে।

আলোচ্য ‘রাধামন-ধনপুদি পালা’য় দেখা যায়, প্রকৃতি প্রদত্ত উপকরণের উপর নির্ভর করে চাকমা নৃগোষ্ঠী জীবন ধারণ করে। প্রকৃতির অবাধ দান তাদের জীবনকে সমৃদ্ধ করে তুলে। জুমচাষ তাদের জীবনের অন্যতম অঙ্গ। জুমের ফসল বছরভর তাদের খাদ্য ও বস্ত্রের যোগান দেয়। এপ্রসঙ্গে পালাকার বলেন-

“জুম লেজাত কুও কুরি                      কাত্যা সুধ ব গরি” (তদেব, ১১)

বাংলা অনুবাদ : জুমের সীমান্তে কুয়ো তৈরি করে জলের অভাব মিটিয়ে নাও।

আলোচ্য পালায় চাকমা জাতির প্রচলিত খাদ্যাভ্যাসেরও উল্লেখ রয়েছে। প্রাকৃতিক উপায়ে সংগৃহীত তাদের খাদ্য দ্রব্যের মধ্যে রয়েছে রেই শাক, লেলম পাতা, কলার মোচা, উলু (চালতা), কালি কুচ্যাল (আখ), বেগেনা (ব্যঙাচি), মধু, ধুন্দ (তামাক), বেঙ (ব্যঙ), বনসুপারি-বনপান (সুপারি-পান), ভাদ (ভাত), মদ, শুকরের মাংস, ইজ্যামাছ, কুদুক (সজার), আলু, নারকেল, সুমি (সীম), ঘুমুরো (এক ধরণের পোকা), চিন্দিরে (চিনার), মাম্মারা (শশা) ইত্যাদি। বক্তব্যের সমর্থনে কয়েকটি পঙক্তি নিম্নে তুলে ধরা হল -

"সুবরি কিনি আধাপন                      রান্যা ভুইয়্য ঘণছণ  
বৈদ্যয়ে গল্যাক পাড়াবন  
সক্লে ধনপুদিরে কথে রাধামন।  
চৈদে বৈবেগে খরান দি                      ধুন্দ বাজেই কলগি দি  
তালা লগে চাবি দি  
ন কানিচ্ দ্যে আর পরাণ বী।” (তদেব, ১০১)

বাংলা অনুবাদ: সুপারি কিনি আধাপন                      জুমের মধ্যে ঘন ছন

বৈদ্য করল পাড়াশুদ্ধ

তখন ধনপুদিরে বলে রাধামন।

চৈত্র বৈশাখে প্রচণ্ড খরা                      ভাল করে তামাক লাগা

কেঁদো না আর তুমি সোনা।

বা                      "কুড় ঝোগেই শুও ধল্য                      গিল ভরন সুমি ধল্য

রাধামনে তা সমাছাউনরে আ'র কুও ধল্য।

খর লগে নুন খাঙ

ভাদ লগে তোন খাঙ

চোত মাস্য ভিধিরে শেষ গরিবং ভেইলক ঘরকাম।

ছড়াত উজোদন গুদুং মাছ

ফুণিশলা বৈরাং গাছ

যগন পরিবগি বৈবোক মাস।”( তদেব, ৬৫)

বাংলা অনুবাদ: উঠোনের মোরগ তাড়াল

মাচাভর্তি সীম পাড়ল

রাধামন তার বন্ধুদের বলল

টকের সঙ্গে লবন

ভাতের সঙ্গে সবজি

চৈত্র মাসের মধ্যে তৈরি করবো বাড়ি।

ছড়ার মধ্যে লাঠি মাছ

চিরুনির শলা বৈরা গাছ

যখন শুরু হবে বৈশাখ মাস।

চাকমাদের সমাজ জীবনে শিকার একটি গুরুত্বপূর্ণ অঙ্গ। গুলতি, তীর-ধনুকের মাধ্যমে তারা পাখি, হরিণ, বাঘ, হাতি ইত্যাদি শিকার করে। পালায় দেখি –

“ধুমত দিলুং বেত তারা

যাদন গাবুরে পেখ মারা” (তদেব, ২৭)

বাংলা অনুবাদ : “চুলোর ধোঁয়ায় দিলাম বেতের তাড়া

পাখি মারতে যাচ্ছে যুবকেরা”

প্রতিটি কৌম গোষ্ঠীর মতো চাকমা সমাজেও মঙ্গল অমঙ্গলের প্রতি গভীর বিশ্বাস রয়েছে। তাই যেকোন শুভ কাজ শুভদিন দেখে শুরু করার রীতি চাকমা সমাজে প্রচলিত। জুমের সীমানা নির্ধারণ চাকমা সমাজে একটি শুভ কাজ হিসেবে বিবেচ্য। তাদের বিশ্বাস পূর্বপুরুষেরা যে বিধান দিয়ে এসেছেন তাঁর অন্যথা ঘটলে অমঙ্গল নিশ্চিত। আলোচ্য পালায় তাই দেখা যায়, রাধামন ও তার সঙ্গীরা জুমের সীমানা নির্ধারণ করার আগে আজু (দাদু) চলাবাবের ‘যাত্রা বচন’ শোনার পর রওনা দেয়।

“রবি শুক্রে পুগে নিধি

বুধে ব্‌সুধে উত্তরে নিধি

সম শনি পন্নিমে যায়

দগিন যাত্রা বুধে পায়”( তদেব, ২৮)

বাংলা অনুবাদ : রবি ও শুক্রবারে পূর্বদিকে যাওয়ার বিধান

বুধ ও বৃহস্পতিবারে উত্তর দিকে যাওয়ার বিধান

সোম ও শনিবারে পশ্চিম দিকে যাওয়ার বিধান

বুধবারে দক্ষিণ দিকে যাওয়ার বিধান।

চাকমাদের জাতীয় উৎসব বিবু। এই উৎসব তাদের জীবনে অন্যমাত্রা নিয়ে আসে। সারা বছরের ক্লান্তি লাঘবের জন্য এই উৎসবের ব্যবস্থাপনা। চৈত্রমাসের শেষের দুই দিন এবং বৈশাখের প্রথম দিন এই তিনদিন ধরে চলে বিবু উৎসব। যথা- 'ফুল বিবু', 'মূল বিবু' এবং 'গচে পচে বিবু'। এই উৎসব প্রসঙ্গে পালাকার বলেন -

“মাঘে ফাগুনে ফেল্যে ইণ বারিজ্যা সুমি ধরি ছিন

এচ্যা এস্যে সে দিন্ন বিবু দিন।”( তদেব, ২৩)

বাংলা অনুবাদ : “মাঘ ফাল্গুন মাসের তুষার বর্ষার সীমের অতুলনীয় বাহার

আজকের বিবু দিনটি সবার।

অথবা “ডগরের পেখ্য চিং চিং দারু তুলি হরিঙ শিং

নিভিত তুলি মাবং ঙ্গ বিবু হল তিন্মো দিন”( তদেব, ২৩)

বাংলা অনুবাদ : চিং চিং চিং করে ডাকছে পাখি ওষুধ হিসেবে হরিণের শিং তুলে রাখি

নিক্তি মাপে ওজন করি তুষার তিন দিনের বিবু সবার।

চাকমারা নৃত্য-সংগীত প্রিয়। 'রাধামন-ধনপুদি পালা'য় চাকমাদের সাংস্কৃতিক জীবনের অঙ্গ ধুদুগ, খেংগ্রং, বাঝি, ঢোল ইত্যাদি লোকবাদ্য যন্ত্রের প্রসঙ্গ এসেছে। খেংগ্রং সম্পর্কে পালাকারের সজীব দৃষ্টিভঙ্গির পরিচয় পাওয়া যায় যখন তিনি বলেন -

"মাদি মলি চেং গরং আগুন লুরলৈ বেঙ ধরং

সে সময়ত গাবুর মিলাউনে বেবাক খেংগ্রং”( তদেব, ১১)

বাংলা অনুবাদ : নরম মাটি উঁচু করি মশাল দিয়ে ব্যাঙ ধরি

সে সময়ে যুবতীরা বাজাবে খেংগ্রং দ্রি দ্রি



চাকমাদের মধ্যে নানাধরনের খেলাধুলার প্রচলন রয়েছে। নানা বয়সের শিশু, কিশোর-কিশোরীরা এইসব খেলায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করে। আলোচ্য পালায় চাকমা সমাজে প্রচলিত ‘নাদেং হারা’, ‘ঘিলে হারা’, ‘কত্তি হারা’, ‘সেজক হারা’ প্রভৃতি লোকক্রীড়ার উল্লেখ রয়েছে। ‘সেজক হারা’ সম্পর্কে পালাকার বলেছেন -

"সেজক খারাত কেম ভাঙে বারিজ্যা গাঙে পার ভাঙে"( তদেব, ১৭১)

বাংলা অনুবাদ : সেজক খেলায় বেত ভাঙে বর্ষাকালে নদীর পার ভাঙে

বা "মন উললাসে তরঙ্গ বেলা বেয়য়া সারঙ্গ

মিলেয় মদে ঘিলে খারা ওল আরম্ভ।"( তদেব, ১৭)

বাংলা অনুবাদ : মনের উল্লাস তরঙ্গ বাজাচ্ছে বেলা সারঙ্গ

ছেলে মেয়ের ঘিলে খেলা হল আরম্ভ।

বিবাহের মধ্যে দিয়ে যে কোন জাতি গোষ্ঠীর সমাজ জীবনের নানা ধরনের রীতি-নীতি সংস্কার-বিশ্বাসের রূপ সুস্পষ্টভাবে প্রতীয়মান হয়ে উঠে। আলোচ্য পালায় চাকমা সমাজের বিবাহের রীতি-নীতি সংস্কারের সুন্দর বর্ণনা দিয়েছেন পালাকার। যা চাকমাদের সামাজিক ইতিহাসের গুরুত্বপূর্ণ উপাদান।

চাকমা সমাজ ব্যবস্থা পিতৃতান্ত্রিক। সমাজের প্রধান হচ্ছেন রাজা। প্রাচীনকালে কোন এক সময় খীসা, দেওয়ান পদবীধারী ব্যক্তিরাজার অধীনে থেকে নিজ নিজ গ্রামের সমাজ ব্যবস্থার মূল ধারক ও বাহক হিসেবে কাজ করেছেন। ‘রাধামন-ধনপুদির পালা’য় চাকমাদের প্রাচীন সামাজিক প্রথা ও সংস্কৃতিক ঐতিহ্যের সন্ধান মেলে। চাকমা সমাজে বিবাহ উপলক্ষ্যে পাত্রপক্ষের কন্যাকে টাকা-পয়সা, সোনারূপা প্রদানের রীতি প্রচলিত ছিল। রাধামনের সঙ্গে ধনপুদির প্রেম-ভালবাসা থাকার পরও ধনপুদির মা-বাবা তাদের একমাত্র কন্যার ভালবাসাকে উপেক্ষা করে প্রতিবেশী এক ধনাঢ্য ব্যক্তির ছেলের সঙ্গে তার বিয়ে দিতে রাজি হয়। এখানে চাকমাদের অতীত সমাজ ব্যবস্থায় বিয়েতে পাত্র-পাত্রী নির্বাচনে মা-বাবার সিদ্ধান্তই চূড়ান্ত বলে মানা হয়। আগেকার দিনে মা-বাবা বা অভিভাবকের অমতে ছেলে মেয়েরা কেউই বিবাহ বন্ধনে আবদ্ধ হতে পারত না। যদি সেরকম পরিস্থিতি সৃষ্টি হত তাহলে সে বিয়ে অবৈধ বলে গণ্য করা হতো। অবৈধ বিয়ে হলে সামাজিক দণ্ডে উভয়কে দণ্ডিত করার নিয়ম রয়েছে, পাশাপাশি ছেলে মেয়ে দুজনকেই বিচ্ছিন্ন করে রাখা হতো। সমাজের নিয়ম অনুযায়ী আনুষ্ঠানিকভাবে নির্ধারিত সময়ের মধ্যে পর পর তিনবার পাত্রের জন্য পাত্রীর অভিভাবকের কাছে গিয়ে কথাবার্তা ঠিক রাখতে হয়। পালায় দেখা যায়, ভোলানাদের জন্য ধনপুদির মা-বাবার কাছে পর পর তিনবার আনুষ্ঠানিকভাবে বিয়ের প্রস্তাব ও যোগাযোগ করা হয়েছে। এতে ধনপুদির মতকে প্রাধান্য দেওয়া হয় নি। পিতৃতান্ত্রিক সমাজ ব্যবস্থার কারণে চাকমাদের বিয়ের অনুষ্ঠান সচরাচর বরের বাড়িতে সম্পন্ন হয়। তাই চাকমা সমাজে মূল বিয়ে পাত্রের বাড়িতে হয়। ‘চুমুলাং’ পূজোর মাধ্যমে এই বিয়ে সম্পন্ন হয়। বিয়ের পূর্বে সামাজিক অনুষ্ঠানাদি যেমন – পাত্র পক্ষের পাত্র নির্বাচন করা, বিয়ের দিন ধার্য করা প্রভৃতি কাজ সম্পন্ন করতে হয়। তারপর বিয়ের মূল পর্ব ‘চুমুলাং’ পূজা শুরু হয়। ‘চুমুলাং’ পূজায় পাত্রীকে কলসি বা

কেটলি দিয়ে জল আনতে হয়। এই জলই পূজোর মূল উপাদান। এই জল নিয়ে পাত্রীকে সোজা পাত্রের বাড়িতে ঢুকতে হয়। এই জল নদী বা কুয়ো থেকে আনতে হয়। মাঝপথে পাত্রী যদি কারো বাড়িতে ঢুকে যায় তাহলে যার ঘরে ঢুকে সেই ঘরের উপযুক্ত ছেলের সঙ্গে পাত্রীর বিয়ে হয়। এজন্য চুমুলাং পূজোর জল আনতে যাওয়ার সময় পাত্রীর সঙ্গে অনেক লোক থাকে। পালায় দেখা যায়, ধনপুদির বিয়ে প্রথমে ভোলানাদের সঙ্গে ঠিক হয়েছিল। ধনপুদি ও রাধামনের মধ্যে সম্পর্ক থাকলেও অভিভাবকের কথায় ভোলানাদের সঙ্গে বিয়েতে ধনপুদিকে রাজি হতে হয়। মন সায় দিচ্ছে না এই বিয়েতে। শেষপর্যন্ত আজু (দাদু) চলাবাবের শরণাপন্ন হয় ধনপুদি। তখনই আজু (চলাবাব) চুমুলাং পূজোর জল আনার পথে রাধামনের বাড়িতে ধনপুদিকে ঢুকে পড়ার বুদ্ধি দেয়। সেই মোতাবেক –

“বাশ্যন কাবি বান’গৈ

মোষ্যন আনি বান্যে’গৈ

গিচ্যা গরি সেই জয়মঙ্গল ঘরত ধনপুদি উঠ্যে’ গৈ।”( তদেব, ১১১)

বাংলা অনুবাদ : বাঁশ কেটে করো জড়ো

মহিষ এনে এক করো

তাড়াতাড়ি করে ধনপুদি জয়মঙ্গলের ঘরে ঢুকল।

ধনপুদি জলপূর্ণ কলসি নিয়ে রাধামনের বাবা জয়মঙ্গলের বাড়িতে যায় এবং জয়মঙ্গলের আশ্রয় প্রার্থনা করে। জয়মঙ্গল সাদরে পুত্রবধূ হিসেবে ধনপুদিকে গ্রহণ করে এবং প্রতিবেশীদের জানায় তার বাড়িতে লক্ষ্মী এসেছে। ধনপুদিকে পুত্রবধূ হিসেবে পেয়ে রাধামনের বাবা জয়মঙ্গল খুশিতে আত্মহারা। রাধামন আর ধনপুদির ভালবাসা এভাবে পূর্ণতা পেল। এদিকে ভোলানাদের বাবা সমাজপতির কাছে বিচারপ্রার্থী। সব মাতব্বর কারবারিরা জমায়েত হলেন। কিন্তু তাদের কিছু করার নেই। নিয়ম তো নিয়ম। সামাজিক সালিশি সভা বসে। সভার রায়ে জয়মঙ্গল ভোলানাদের বাবাকে ক্ষতিপূরণ দিতে বাধ্য হন। এই নিয়ম সুদীর্ঘকাল ধরে চাকমা সমাজে চলে আসছে। তাই সমাজপতিরা নিয়মের কাছে পদানত হতে বাধ্য। রাধামন-ধনপুদির বিয়েতে আর কোন বাঁধা রইল না। উপরিক্ত বিবাহ প্রথা চাকমা সমাজে এখনো প্রচলিত এবং প্রথা অনুযায়ী বিয়ের চূড়ান্ত পর্বে বরের বাড়িতে কনে চুমুলাং পূজার জন্য কলসি নিয়ে নদীর ঘাট বা গ্রামের কুয়ো থেকে জল আনার জন্য যায়। তখন কনের সঙ্গে অবশ্যই আট নয় জন সঙ্গী থাকে। যাতে কনে পথ ভুলে হারিয়ে না যায় বা অন্য ঘরে যেতে না পারে।

নানা বাধাবিপত্তি অতিক্রম করে তাদের বিবাহ সম্পন্ন হলেও বেশিদিন তাদের একসঙ্গে থেকে নবীন দাম্পত্য জীবনের সুখভোগ সম্ভব হয় নি। রাজাজ্ঞা পালন করার জন্য রাধামনকে যুদ্ধ যাত্রার প্রস্তুতি নিতে হয়। চোখের পলকে সেই দিনগুলি চলে আসে আর রাধামন যুদ্ধে যোগদান করার জন্য রওনা হয়। আর এদিকে ধনপুদির গর্ভে তার সন্তান বড় হতে থাকে। রাজা বিজয়গিরির সেনাপতি হিসেবে সে অভিষিক্ত হয়। বাড়িতে শুধু আজু (দাদু) চলাবাব আর বেবেই (দিদিমা) চলা মা। রাতে ধনপুদির প্রসব যন্ত্রণা শুরু হলে আজু(দাদু) চলাবাব ওঝা নেয়েমাকে ডাকতে যায়। ধনপুদির মনে স্বামীর অনুপস্থিতির দুঃখ। তার স্বামী বাড়িতে থাকলে আজ বয়স্ক লোকটার (দাদু) কষ্ট করতে হত না।

“বনত ডগরের বন পুক

ধান হল উজুক চুক

চলাবায় অঝা হঝা যেই এন্দি ধনপুদি তুল্যে মনদুখ

ভাদে রানি খেয় সেদ

গাঝত উদি খেয় জেদ

ধনপুদি আভিলেচ গরেখে, ঘরত যদি মর নেক খেদ।”( তদেব, ১৩৩)

বাংলা অনুবাদ : বনে ডাকছে বনপোকা

ভর্তি হল ধানের গোলা

চলাবাবে ওঝা আনতে গিয়ে ধনপুদির মুখ হল ফোলা

রান্না করা ভাত খেয়ে যেত

গাছে উঠে কিছুক্ষণ থেকে যেত

ধনপুদি বিলাপ করছে আজ যদি আমার স্বামী বাড়ি থাকত।

এইপংক্তিমালায় দাদুর প্রতি ধনপুদির অগাধ ভালবাসা যেমন ফুটে উঠেছে, ঠিক তেমনি স্বামীর অবর্তমানে পরিবারের যে বেহালদশা তার চিত্রও আমাদের চোখের সামনে ভেসে ওঠে। ওঝা নেয়েমার সহায়তায় ধনপুদি পুত্র সন্তান প্রসব করে। রাধামন যুদ্ধে যাওয়ার আগে তার গর্ভস্থ সন্তানের নামকরণ করে যায়। ছেলে হলে সারাধন আর মেয়ে হলে সারাবি –

“উদনত লামি খারা খন

তুবি নলি ঘিরাঘন

মরদ হলে নাঙ থৈ দিদং সারাধন।

দারু বাদি পারা দি

তালা লগে চাবি দি

মিলা হলে থৈ দিবা সারাবি।।”( তদেব, ১৩৮)

বাংলা অনুবাদ : উঠোনে নেমে করে খেলা

ঘন করে দেবে বেড়া

ছেলে হলে সারাধন নাম রাখবে তোমরা।

ওমুখ বানাবে পারা দিয়ে

তালা রাখবে চাবি দিয়ে

সারাবি নাম রাখবে হলে মেয়ে।।”

চাকমা সমাজে নবজাতক একমাস হলে শুদ্ধিকরণ অনুষ্ঠান করা হয়। একমাসের আগেও করা যায়। সেটা নিদেনপক্ষে। নবজাতকের নাভি ঝরে পড়লে আর মা যদি সুস্থ থাকে তাহলে এই অনুষ্ঠান করা যায়। এই অনুষ্ঠানকে চাকমা ভাষায় ‘কজই

পানি' বলা হয়। এই অনুষ্ঠানের আগে মা ও নবজাতক কারো বাড়িতে ঢুকতে পারে না। সে কথা পালায়ও রয়েছে। ধনপুদির কথায় তা স্পষ্ট হয়ে ওঠে -

“চোলুন ঝাড়ি কুড়ো ওল                      গাছ কাবি খারি ওল

ধনপুদি কখে গুরোবো হয়ে' দ্য এচ্যে একমাস ওল

তেয়া সুখ কারতুং নয়                      ভাতুন রানি বাত্ত নয়

কজই পানি ন দিলে মুই কায়র ঘরত উদি পাতুং নয়।” ( তদেব, ১৩৮)

বাংলা অনুবাদ : চাল ঝেড়ে জমানো হল                      গাছ কেটে রাখা হল

ধনপুদির কথায় নবজাতকের বয়স একমাস হল

সুতা থেকে আর সুতা হবে না                      রান্না করা ভাত আর বাড়বে না

শুদ্ধিকরণ অনুষ্ঠান না করলে আমি কারো ঘরে যেতে পারবো না।

বাচ্চাদের ঘুমপাড়ানি গান গেয়ে ঘুম পাড়ানো সব জাতির মধ্যে বিদ্যমান। চাকমারাও ব্যতিক্রম নয়। বর্তমানেও তা চোখে পড়ে। ঘুম পাড়ানি গান বিশেষত দাদু, দিদিমা এবং বয়স্ক লোকেরা গেয়ে থাকেন। পালায় দেখি আজু (দাদু) চলাবাবে ধনপুদির ছেলেকে ঘুমপাড়ানি গান গেয়ে গেয়ে ঘুম পাড়ায়। ঘুম পাড়ানি গানকে চাকমা ভাষায় ‘অলি’ বলা হয়। কয়েকটি পংক্তির উল্লেখ নিম্নে করা হল -

“অলি অলি অলি বাবুধন অলি অলি অলি

দুলোনত পড়ি ঘুম যা না তুই লক্ষী গরি পড়ি

কলা কিনি মালা কিনি আর কিনি লাডু

বাজারত গেলে আনি দিম মুই রুব হাদ খারু।” ( তদেব, ১৩৮)

বাংলা অনুবাদ : অলি অলি অলি বাবুধন অলি অলি অলি

তুমি লক্ষ্মীমন্ত হয়ে দোলনায় ঘুমিয়ে পড়

কলা কিনে মালা কিনে আর কিনে নাডু

বাজারে গেলে এনে দেব রুপার তৈরি খাডু।

চাকমাৰা লৌকিক চিকিৎসা পদ্ধতিতে বিশ্বাসী। এই পালায় যে সময়ের কথা বলা হচ্ছে, সে সময়ে আজকের মতো চিকিৎসা ব্যবস্থা উন্নত ছিল না। এই কারণে গুণীন, ওঝা, বৈদ্যের উপর তারা নির্ভরশীল ছিল। বর্তমানেও প্রান্তিক অঞ্চলের মানুষেরা পুরানো পন্থায় বিশ্বাসী। পালাকার বলেন-

“গুণে মন্দরে বৈদ্যবুয়া                      পুও ধছে ওঝাবুয়া” ( তদেব, ১৯)

বাংলা অনুবাদ : বৈদ্যরা গুণে মন্ত্রে পারদর্শী                      ওঝারা প্রসব করাতে সাহসী।

গুণমন্ত্ৰের দ্বারা নানা অসুখ সারিয়ে দেয় বৈদ্যরা। মন্ত্ৰ ছাড়াও বৈদ্যরা নানা ধরণের জঙ্গলের লতা পাতাকে ওষুধ হিসেবে ব্যবহার করে থাকেন। চাকমা সমাজে নারীদেরও বিশেষ স্থান রয়েছে। নারীরা ঘরের কাজের পাশাপাশি জুমের নানাধরনের কাজ ও ওঝার কাজেও নিজেদের যুক্ত করে। সন্তান প্রসব করায় ওঝারা। উল্লেখ্য এই ওঝারা নারী ওঝা, সুস্থ ও সবল সন্তান প্রসব করানোর দায়িত্ব এই নারী ওঝাদের। পালায় ধাত্রী নেয়োমা’র কথা রয়েছে। সে ধনপুদিকে প্রসব বেদনা থেকে মুক্তি দেয় এবং সুস্থ, সবল পুত্র সন্তানের জন্ম দিতে সহায়তা করে। মধ্যরাতে দাদু চলাবাব ধাত্রী নেয়োমা’কে আনতে গেলে সে বিনাবাক্যে তার সঙ্গে যেতে রাজি হয়। নিজের দায়িত্ব সে নিষ্ঠার সঙ্গে পালন করেছে। বয়স্ক চলাবাবের কষ্টে সেও ব্যথিত হয়। চলাবাবের মুখে ধনপুদির প্রসব বেদনার কথা শুনে সে আর কালবিলম্ব করেনি। তার উল্লেখ পালায় রয়েছে –

“বন সুবরি বন পান    পূজ পাদি অঝা আন

চলাবাবের দুখদরদর কথা শুনি নেয়ে মা তা কানিয়ান,

ইজ্যা মাছরে চড় দিলাক    বাজন্যা বেপারি ন ললাক

আ চাড়িয়ান হ্দত লৈ দ্বি জনে হিঝা হিছা লোর দিলাক।” ( তদেব, ১৩৪)

বাংলা অনুবাদ : বনের সুপারি বনের পান                      পূজা উপলক্ষে ওঝা আন

চলাবাবের দুঃখের কথা শুনে নেয়োমার মন ভেঙে খান খান

চিংড়ি মাছ ধরার জাল ফেলো                      ব্যাপারীরা নৌকা কিনল

চলাবাপ আর নেয়োমা হাতে কাস্তে নিয়ে তাড়াতাড়ি রওনা দিল।

ওঝাদের জ্ঞান দেখার মতো। আসার পরই ধনপুদির সঙ্গে কথা বলে ওঝা ঝাড়ফুক করে বুঝে নিল প্রসবকাল আসন্ন। তাই সে ঘোষণা দিল –

“পথান কাবি ধুও হভ    দেবা কালা বৈয়ার ব

রান্যা জুম ছণ হভ

উদল টানি কাজি হভ

নেয়েমা কথে এচ্যা হামাঙ্কায় ধনপুদির মরদ পুয়া হভ।

বন্দুক মারি টাগিব

দারু তুলি বাদিব

আর পুয়াবো হদে বেচ সময় ন লাগিব।

মাধাত বানি কানিয়ান

ধারেই আন্যং টাগলান

নেয়েমা কথে জাদি পাহত দ্য গরম পানিয়ান।” ( তদেব, ১৩৬)

বাংলা অনুবাদ : রাস্তা কাটি পরিষ্কার

কালো আকাশে বাতাসের জোরজোর

জুমে আছে ছনের বাহারি

জোরে টানি উদাল গাছের দড়ি

নেয়েমা বলছে সন্তান প্রসবের আর নেই বেশি দেরি।

তাক করে বন্দুক মারবে

ওষুধ এনে বেটে নেবে

সন্তান প্রসব হতে অল্প সময় লাগবে।

মাথায় বেঁধে কাপড়

ধার দিয়ে টাঙ্কল

নেয়েমা বলছে শীঘ্রই আনো গরম জল।

এভাবে সন্তান প্রসবের পর ওঝা নেয়েমা বাঁশের ধার বেত দিয়ে নবজাতকের নাভি কেটে দেয়। জানায় এই শিশুপুত্রটি সর্বসুলক্ষণযুক্ত। গেংখুলীর ভাষায় –

“লাভে লুও বয়

অ-লাভে তুল'য়্য ন বয়

চাদে চাদে চলাবাব ক'ন কেতোদি উনো নেই।

আল্যা কুণেদি মেঘ বাড়ে

মুও গুনে বেঙ মরে

পরিপূর্ণ হইয়ে পুয়াবো এক্কাবো।” ( তদেব, ১৩৭)

বাংলা অনুবাদ : লাভে লোহা করে বহন

লোকসানে করে না তুলা বহন

দেখো দেখো চলাবাব নবজাতকটি খুঁতবিহীন।

ঈশান কোণে মেঘ বাড়ে

মুখের জন্য ব্যাঙ মরে

শিশুটি পরিপূর্ণ হয়ে জন্মেছে একেবারে।

আগেকার দিনে এই নারী ওঝারাই ছিলেন সন্তান প্রসবে একমাত্র ভরসা, অবলম্বন। তাদের সিদ্ধান্তই চূড়ান্ত। বর্তমানে এই ওঝা বৈদ্যের কদর অনেকটা কমে গেছে। চিকিৎসা ব্যবস্থার উন্নতি ও শিক্ষা দীক্ষার প্রসারের ফলে চাকমা জনজাতিদের মধ্যে এই ওঝা বৈদ্য ও গুণীনের মর্যাদার অবনমন ঘটেছে। এছাড়া সময়ের পরিবর্তনের সঙ্গে সঙ্গে চাকমা জনজাতিদের আর্থ-সামাজিক অবস্থানেরও পরিবর্তন ঘটেছে।

৪

‘রাধামন-ধনপুদি পালা’র কাহিনির একটি বড় অংশ জুড়ে ধনপুদির বারোমাসের দুঃখ যন্ত্রণার কাহিনি বর্ণিত হয়েছে। এই বারোমাসী বর্ণনায় প্রকৃতি ঘনিষ্ঠ আরণ্যক জীবনে, মানব মনে ঋতু বৈচিত্র্যের প্রভাবের দিকটিকে যেমন; তেমন ধনপুদির মানস বিকাশের দিকটিকেও সমাজ বাস্তবতার নিরিখে বর্ণনা করা হয়েছে। ধনপুদির এই বারোমাসীই পরবর্তী সময়ে চাকমা গেংখুলীদের বারমাসী পালা রচনায় অনুপ্রাণিত করে। চাকমা বারমাসী পালাগুলি বর্ণনাত্মক রীতিতে ‘উভোগীদ’এর মাধ্যমে আরণ্যক জনপদে পরিবেশন করেন। উভোগীদ চাকমা জাতির নিজস্ব ও মৌলিক সুরধারা। বারমাসীগুলির অধিকাংশই প্রেমগীতিমূলক আখ্যান হলেও চাকমা সমাজের নানারূপ শোষণ-বঞ্চনা, আশা-নিরাশা, প্রাপ্তি-অপ্রাপ্তির চিত্রও পালাগুলিতে বিধৃত।

তাছাড়া এই পালায় তাদের সমাজ জীবনে দীর্ঘদিনের আচরিত ধর্মীয় বিশ্বাস ও সংস্কৃতির চলনের কথাও বিধৃত হয়েছে। চাকমারা মূলত বৌদ্ধ ধর্মাবলম্বী। চাকমারা ভগবান বুদ্ধকে ‘গোজেন’ বলে সম্বোধন করে। নিজ ধর্মে ও জীবনাচরণে তারা অটল ও অনড়। যেকোন কাজে তারা গোজেনকে স্মরণ করে। ধনপুদি ভাত রান্না করার আগে গোজেনকে উদ্দেশ্যে করে যেমন নমস্কার জানায় ( তদেব, ৩১) তেমনি ক্ষেত্রবিশেষে সে গঙ্গামারও স্তব করে। শুধু তাই নয়, ব্রাহ্মণ্যবাদী সংস্কৃতির অন্যান্য দেবদেবীরাও বৌদ্ধধর্মের সঙ্গে অঙ্গীকৃত হয়েছেন। এই পালায় মহাদেব, দুর্গা, লক্ষ্মী, বিষহরী প্রমুখ দেবদেবীর উল্লেখ এর প্রমাণ। আবার ‘ঘিলে জন্ম কথা’য় চলবাপ রামের বনবাস গমন, রাম, সীতা ও লক্ষ্মণের পঞ্চবটি বনে আশ্রয় গ্রহণ, রাবণ কর্তৃক সীতা হরণ, রামের সীতা উদ্ধার, সীতা সমেত রাম লক্ষ্মণের অযোধ্যা আগমন, প্রজাপুঞ্জের সীতার সতীত্ব নিয়ে গুঞ্জন এবং ‘ঘিলা কজুই’ দিয়ে সীতাকে পরিশুদ্ধ করার কাহিনি বর্ণনা করেছেন। শেষোক্ত ঘটনাটি ছাড়া বাকি সবই রামায়ণের অনুসরণে বর্ণিত।’ ( তদেব, ২০) পুরাণের কাহিনি কিভাবে আরণ্যক জীবনকেও প্রভাবিত করেছিল এই বর্ণনা থেকেই তা স্পষ্ট হয়ে যায়।

৫

উপর্যুক্ত আলোচনার প্রেক্ষিতে বলা যায়, এই পালাগানে চম্পকনগরের যুবরাজ বিজয়গিরির বিশ্বস্ত ও প্রধান সেনাপতি রাধামন ও তার প্রেমিকা ধনপুদির অনবদ্য প্রেমকাহিনি বর্ণিত হলেও পালাকার সমকালীন সমাজ ও সংস্কৃতিকে

অস্বীকার করতে পারেননি। কারণ তিনি যে লোকজীবনকে আত্মীকরণ করে বেড়ে উঠেছেন, সেই লোকজীবনই তাকে প্রেরণা জুগিয়েছে পালাটি বাঁধতে। মৃত্তিকাশ্রয়ী সেই জীবনের নানা অনুষঙ্গ তাই এক বীর্যবান পুরুষের প্রেমকাহিনি বর্ণনায় অনুঘটকের ভূমিকা পালন করেছে। প্রসঙ্গক্রমে এজন্যই চাকমাদের জুমভিত্তিক জীবনের পাশাপাশি তাদের লোকবাদ্য, লোকক্রীড়া, খাদ্য-দ্রব্য, বিবাহের রীতিনীতি, লোকচিকিৎসা, ধর্মীয় বিশ্বাসের কথাও ওঠে এসেছে। তৎকালীন সামন্ততান্ত্রিক সমাজ ব্যবস্থায় যুদ্ধ যে কতোটা গুরুত্বের দাবি রাখতো সে কথাও এই পালায় বর্ণিত হয়েছে। তাই নববধূকে ঘরে রেখে যুদ্ধযাত্রা করতে রাখামন পিছপা হয়নি। তবে সে যে এক বুদ্ধিমন্ত, বিবেকবান পুরুষ ছিল তার প্রমাণ পাওয়া যায় যুদ্ধযাত্রার প্রাককালে সন্তান সম্ভবা পত্নীর সন্তানের নামকরণ করে যাবার মধ্যে দিয়ে। এই নামকরণ বহু অর্থের দ্যোতক। একদিকে সামন্ততান্ত্রিক ব্যবস্থায় স্ত্রীর মর্যাদা রক্ষা, অন্যদিকে যুদ্ধের মতো অনিশ্চিত ক্ষেত্র থেকে জীবিত অবস্থায় ফিরে না এলেও সন্তান যাতে জানতে পারে তার পিতা তার এই নামকরণ করে গিয়েছিলেন। বাংলা ‘ধর্মমঙ্গল’ কাব্যেও ধনপতি বাণিজ্যযাত্রার প্রাককালে তাঁর সন্তানসম্ভবা স্ত্রীর সন্তানের নামকরণ করেছিলেন। ধনপুদির সাপের বিষঝাড়ার মন্তোচ্চারণেও ‘মনসামঙ্গল’-এর কথা পড়ে যায়। গভীরভাবে তলিয়ে দেখলে চাকমা পালাগানের বিষয়, আঙ্গিক এবং পরিবেশন রীতির সঙ্গে বাংলা মঙ্গলকাব্য, প্রণয়কাব্য বা গীতিকার মিল ও অমিল দুই-ই ধরা পড়বে। কিন্তু এগুলির পারস্পারিক সম্পর্ক নিয়ে বিস্তৃত আলোচনার পরিসর বর্তমান প্রবন্ধে নেই। প্রস্তাবিত প্রবন্ধে তাই নির্বাচিত একটি চাকমা পালাগানের পর্যালোচনার মধ্য দিয়ে নৃগোষ্ঠীর সমাজমানসের দিকটি তুলে ধরা হয়েছে। এ নিয়ে ভাবীকালে পাঠক গবেষকেরা যদি আগ্রহী হন এবং সংস্কৃতির চলনের মাত্রাকে উন্মোচিত করেন তাহলে আমাদের এই প্রয়াস সার্থক হবে।

## গ্রন্থপঞ্জি

### আকর গ্রন্থ

চাকমা, ইন্দুমাধব (২০১৪), রাখামন ধনপুদি পালা, দেড়গাঙ সাহিত্যপত্র, পেচারখল

### সহায়ক গ্রন্থ

চাকমা, সুগত (১৯৮৩), চাকমা পরিচিতি, বরগাঙ পাবলিকেশন্স, রাঙ্গামাটি

শর্মা, নন্দলাল (২০০৮), “চাকমা ভাষা সাহিত্যের বিকাশে সাহিত্য ও সাংস্কৃতিক সংগঠন” অন্তর্ভুক্ত বিপ্রদাশ বড়ুয়া (সম্পাদিত) পার্বত্য চট্টগ্রামের সাহিত্য ও সংস্কৃতি, দিব্যপ্রকাশ, ঢাকা

Ishaq, Muhammad M.A. B.S.E.S (1971), Bangladesh District Gazetters, Chittagong Hill Tracts, Bangladesh Government Press, Dacca.

---

Dr.Padma Kumari Chakma, ORCID: 0000-0002-0416-776X. is an Assistant Professor in the Dept.of Bengali, Tripura University. She can be reached at: [padmachakma@tripurauniv.ac.in](mailto:padmachakma@tripurauniv.ac.in)



Dr. Malay Deb, ORCID: 0000-0002-0927-0272, is an Assistant Professor in the Dept.of Bengali, Tripura University. He can be reached at: [malaydeb@tripurauniv.ac.in](mailto:malaydeb@tripurauniv.ac.in)

## শতবর্ষে পূর্ববঙ্গ গীতিকা : একটি বিপ্রতীপ উপস্থাপন

ড. নির্মল দাশ

সারসংক্ষেপ :

পূর্ববঙ্গ গীতিকা'র সংকলন প্রকাশের শতবর্ষ আসন্ন। প্রথমে, সম্পাদনার (১৯২৩ খ্রিস্টাব্দ) এই মহৎ কর্মটি সম্পন্ন করেছেন অধ্যাপক দীনেশচন্দ্র সেন। পরবর্তী সময়ে এককভাবে সংগ্রহ ও সম্পাদনা করেছেন ক্ষিতীশচন্দ্র মৌলিক। গ্রাম্যকবিরী সমসাময়িক সত্য ঘটনাকে অবলম্বন করে পদ্যছন্দে এগুলো রচনা করেছেন। অধিকাংশ ক্ষেত্রে গীতিকাগুলোতে নারীদের কথাই বলেছেন পল্লীকবিরী। সেসব নারীরা প্রেমে আস্থা রাখেন, ভালোবাসার মানুষের জন্য নিজের জীবনকেও উৎসর্গ করতে দ্বিধাম্বিত নয়। তারা ব্যতিক্রমী। এর জন্য তারা নানা প্রতিকূলতার মুখেও পড়েছে বার বার। সেসময়ে জনসমক্ষে গানে গানে এগুলো পরিবেশিত হয়েছে। এ-যাবৎ 'ময়নমনসিংহ-গীতিকা' তথা 'পূর্ববঙ্গ গীতিকা'র যত আলোচনা- পর্যালোচনা হয়েছে, সেখানে এগুলোকে প্রেম-আখ্যানমূলক সঙ্গীত রূপেই চিহ্নিত করা হয়েছে। অথচ, এসবের যে ভিন্ন একটি দিকও থাকতে পারে, তা ভেবে দেখা হয়নি। আমাদের সুপ্রাচীন পিতামহরা একসময় গোষ্ঠীজীবনের অধিবাসী ছিল। শিকার করেই তারা জীবন নির্বাহ করেছেন। সেদিন থেকেই মানুষ গান গেয়েছে এবং নৃত্য করেছে। ক্রমে মানুষ কৃষিজীবনে প্রবেশ করেছে। তখন মানুষের প্রকৃতি-নির্ভরতা বেড়ে গেছে অনেক গুণ বেশি। প্রকৃতি তুষ্ট না থাকলে অনাবৃষ্টি হবে, অথবা হবে অতিবৃষ্টি। যথাসময়ে উঠবে না সূর্য। তাছাড়া, নারীদের বিশেষ ক্ষমতার দিকটিও মানুষ দীর্ঘ পর্যবেক্ষণে আবিষ্কার করেছে। আর প্রকৃতিকে মানুষ আয়ত্বে আনার জন্য বিচিত্র ক্রিয়াকর্মের আশ্রয় গ্রহণ করেছে। পূর্ববঙ্গ গীতিকা সেই সুদীর্ঘ কর্মপ্রক্রিয়ারই অঙ্গবিশেষ।

সূচক শব্দ : পূর্ববঙ্গ গীতিকা, দীনেশচন্দ্র সেন, ক্ষিতীশচন্দ্র মৌলিক, আমাদের সুপ্রাচীন পিতামহরা, কৃষিজীবন, নারীবন্দনা .

### এক

পণ্ডিত দীনেশচন্দ্র সেন ১৯২৩ খ্রিস্টাব্দে 'পূর্ববঙ্গ গীতিকা'র একটি সংকলন সম্পাদনা করে প্রকাশ করেন। এরপর ক্রমান্বয়ে ১৯২৩, ১৯৩০, ১৯৩২ খ্রিস্টাব্দে পর পর এর আরো তিনটি খণ্ড প্রকাশিত হয়। অধ্যাপক সেন প্রথম খণ্ডটিকে 'ময়নমনসিংহ-গীতিকা' নামকরণ করলেও পরবর্তী খণ্ডগুলোকে বলেছেন 'পূর্ববঙ্গ গীতিকা'। পরবর্তীকালে, সবগুলো খণ্ডকেই তিনি বলেছেন 'পূর্ববঙ্গ গীতিকা'। তিনি আবার এগুলোর ইংরেজি অনুবাদ করে বৃহত্তর পাঠকমণ্ডলীর দরবারে পৌঁছে দিতে চেয়েছেন। তাঁর এই উদ্দেশ্য সফল হয়েছে। আলোচক-সমালোচক-গবেষকেরা ব্যাপকভাবে আলোড়িত হয়েছেন। গীতিকাগুলো যে মধ্যযুগের সাহিত্য সম্পদ তা-ও এখন সর্বজনস্বীকৃত। পরবর্তীকালে আমরা দেখেছি, ক্ষিতীশচন্দ্র মৌলিক ব্যক্তিগতভাবে পুনরায় গীতিকাগুলোর পাঠ সংগ্রহের কাজে ব্রতী হয়েছেন। 'প্রাচীন পূর্ববঙ্গ গীতিকা' শিরোনামে সাত খণ্ডে এগুলো প্রকাশিত হয়েছে। প্রথম খণ্ডটির প্রকাশকাল ১৯৭০ খ্রিস্টাব্দ। বর্তমান আলোচনায় গীতিকাগুলোকে 'পূর্ববঙ্গ গীতিকা'ই বলা হবে। সাধারণভাবে এগুলোকে 'পালাগান'ও বলা হয়।

অধ্যাপক সুখময় মুখোপাধ্যায় পড়ুয়াদের উপযোগী করে নির্বাচিত গীতিকার একটি সংকলন প্রকাশ করেছেন । ‘মৈমনসিংহ-গীতিকা’ নামাঙ্কিত বইটির ভূমিকা লিখতে গিয়ে তিনি জানিয়েছেন—“এদের লোকসাহিত্য বলার কোনো কারণ নেই” ( মুখোপাধ্যায়, গঙ্গোপাধ্যায় , ২০১৯ , ভূমিকা) । সম্পাদিত গ্রন্থটির প্রারম্ভে রবীন্দ্রনাথ ঠাকুরের কিছু কথা মুদ্রিত রয়েছে । সেখানে ‘পূর্ববঙ্গ গীতিকা’গুলোকে রবীন্দ্রনাথ স্পষ্ট করেই লোকসাহিত্যের মর্যাদা দিয়েছেন । তিনি বলেছেন --

“মৈমনসিংহ থেকে যে সব গাথা সংগ্রহ করা হয়েছে তাতে সহজেই বেজে উঠেছে বিশ্বসাহিত্যের সুর । কোন শহুরে পাবলিকের ফরমাশের ছাঁচে ঢালা সাহিত্য তো সে নয় । মানুষের চিরকালের সুখদুঃখের প্রেরণায় লেখা সেই গাঁথা । যদি বা ভীড়ের মধ্যে গাওয়া হয়েও থাকে , তবুও এ ভীড় বিশেষ কালের ভীড় নয় । তাই, এ সাহিত্য সেই ফসলের মতো যা গ্রামের লোক আপন মাটির বাসনে ভোগ করে থাকে । তবুও তা বিশ্বেরই ফসল -- ধানের মঞ্জরী।”

রবীন্দ্রনাথ আরো লিখেছেন --

“ কাব্য পরিচয়ে যে বাউলের গানগুলি আছে সে আমার মাথায় কিংবা কলমে আসত না লোক ঠকাত্তে গেলে নিশ্চয় ধরা পড়তুম । মৈমনসিংহ গীতিকাও অনেকটা তাই । প্রচলিত লোকসাহিত্যের গ্রন্থসত্ত্ব থাকে না, মুখে মুখে তার ব্যবহার চলে , নানা হাতের ছাপ পড়ে , তবু মোটের উপর তার ঐক্যধারা নষ্ট হয় না । ওর মধ্যে যে একটা আশ্চর্য কবিত্ব আছে ইতিপূর্বে তার এমন দুর্যোগ ঘটেনি যাতে একেবারে তার সুর কেটে যায় ,তাল কেটে যায় । ওর ভিতরকার জিনিস রয়ে গেছে , সেটা নষ্ট করার সাধ্য কারো নেই---- বাইরে দুটো-একটা জায়গায় একটু- আধটু চুনবালির পলস্তারা লাগালেও ইমারতটা বাতিল হয়ে যায় না । মৈমনসিংহ গীতিকার কালনির্ণয় চলে না ,জাত নির্ণয় চলে , ওটা আবহমান কালের , কেবল ওটা কলেজি কালের বাইরে । এই কাল ওতে রিফু করতে যায় যদি সেটা তখনি ধরা পড়ে এবং সেটাতে সবটার দাম নষ্ট হবে না ।” (তদেব , ভূমিকা )।

এককালে পূর্ববঙ্গ গীতিকাগুলো জনসমক্ষে পালার আকারে পরিবেশিত হয়েছে। বর্তমানকালে চিত্ত মনোরঞ্জনকারী অসংখ্য মাধ্যম রয়েছে । ফলে , সাম্প্রতিককালে অনায়াসেই এসব মাধ্যমের সাহায্যে আনন্দ গ্রহণের সুযোগ পেয়ে যাচ্ছে মানুষ। কিন্তু বিজ্ঞানের যখন এমন অভূতপূর্ব উন্নতি হয়নি, তখন বিনোদনের উপকরণও খুব বেশি ছিল না। বঙ্গভূমিতে গীতিকার গায়কেরা এগুলো পরিবেশনের মধ্য দিয়ে আনন্দ দান করতেন। যারা এগুলো পরিবেশন করেন, তারা শিল্পী। এইসব গীতিকা পরিবেশন করে তাদের মধ্যে কেউ কেউ জীবিকা নির্বাহও করতেন । সেকালে ঘটে যাওয়া কোন গুরুত্বপূর্ণ ঘটনা , কোন রাজা-জমিদারের প্রণয়, লোভ, কামনা-বাসনা, প্রতিহিংসা অথবা তাদের উত্থান-পতনের মতো চিত্ত আলোড়নকারী ঘটনাকে অবলম্বন করে পালাকারেরা রচনা করতেন দীর্ঘ গান । তার সংগে কথাও যুক্ত থাকত কখনো কখনো । গায়ক তথা পরিবেশক নিশ্চয় পরিবেশন কালে আকর্ষণীয় পরিবেশ তৈরি করতে পারতেন । এসবের চৌম্বকীয় ক্ষমতায় শ্রোতা-দর্শকেরা আবিষ্ট হয়ে থাকত। তাদের চিত্ত-বিনোদন ঘটত । পূর্ণচন্দ্র ভট্টাচার্য বিদ্যাবিনোদ –এর আলোচনা থেকে কয়েকটি পংক্তির উল্লেখ করেছেন অধ্যাপক সুকুমার সেন । ‘বাদ্যানীর পালা’ অর্থাৎ ‘মহুয়া’র আলোচনা প্রসঙ্গে পূর্ণচন্দ্র ভট্টাচার্য বিদ্যাবিনোদ কথাগুলো লিখেছেন । এহল পালা উপস্থাপনের প্রক্রিয়া।

“একটা ধনু, লাঠি, বর্শা হাতিয়ার। মাথায় রঙ্গীন ছোট পাগড়ী । পড়নে মালকোঁচা মারা ধূতি। আলো-মশাল  
। বাদ্য—টোল বা ঢোলক, মন্দিরা , বাঁশের বাঁশি, বেহালা, মেয়েদের লম্বা চুল । মটা কাপড়বা বেঁটে শাড়ী  
। কাঁসা ও পিতলের গহনা । বাঁশ ও দড়ি ইত্যাদি । গানের সঙ্গে সংলাপও থাকত প্রচুর” ( সেন , ২০১৪  
,৫০৫ )।

রোমান্টিকতায় মোড়া অপূর্ব প্রেম-আখ্যানমূলক গীতিকাগুলোতে কেবল নরনারীর কথাই প্রাধান্য পেয়েছে । অধ্যাপক  
অসিতকুমার বন্দ্যোপাধ্যায় পূর্ববঙ্গ গীতিকার পালাগুলোকে বিষয়বস্তুগত দিক থেকে তিনভাগে ভাগ করেছেন । যথা --

- ক] লৌকিক প্রণয়গাথা ,
- খ] ঐতিহাসিক-রোমান্টিক আখ্যান
- গ] বিশুদ্ধ ঐতিহাসিক আখ্যান

তিনি বলেছেন--

“ এই পালাগুলিতে বিষয়বস্তুগত তিনটি ধারার পরিচয় পাওয়া যায় -- লৌকিক প্রণয়গাথা , ঐতিহাসিক -  
রোমান্টিক আখ্যান , বিশুদ্ধ ঐতিহাসিক আখ্যান । .... লৌকিক প্রেম এবং তাহার বাধাবিপত্তি ও পরিণাম  
লইয়াই অধিকাংশ পালা রচিত হইয়াছে এবং শ্রেষ্ঠ পালাগুলি এই শ্রেণির অন্তর্গত ” । (বন্দ্যোপাধ্যায় ,  
২০০৯-১০ , ৪৩৯ ) ।

পালাগুলোর বিষয়বস্তুতে ধর্ম কোন বাধার প্রাচীর তৈরি করেনি । হিন্দু জমিদার বা মুসলমান কাজি কর্তৃক হিন্দু কন্যা  
অপহরণের কাহিনি বর্ণনা করেছেন পল্লিকবি । কবি এ ক্ষেত্রে কুণ্ঠাহীন , আবার পালাগান হয়তো পরিবেশিত হচ্ছে কোন  
মুসলমান গৃহস্থের বাড়িতে । হিন্দু মুসলমান নির্বিশেষে লোকবৃত্তের সাধারণ মানুষ গীতিকা পালাগুলোর শ্রোতা তথা উপভোক্তা  
। অধ্যাপক অসিতকুমার বন্দ্যোপাধ্যায় বলেছেন --

“ মধ্যযুগের শেষ ভাগে দেবদেবীর কথা বাদ দিয়া পাঁচালী ছড়া-গাথাকারেরা ... নরনারীর বিরহ মিলনের  
কথাকে একটা সহানুভূতির রসে আর্দ্র করিয়া প্রকাশ করিয়াছেন , তাহার জন্য ধন্যবাদার্থ” ( তদেব ,  
৪৪০) ।

পণ্ডিত-আলোচকেরা এসব গীতিকার অন্তর্গত মানব-মানবীর প্রেম ও ধর্ম নিরপেক্ষ স্বরূপকেই বিশেষভাবে আলোকে আনতে  
চেষ্টা করেছেন । নন্দদুলাল সেনগুপ্ত অবশ্য এ সম্পর্কে ভিন্ন কথাই বলেছেন । তাঁর অভিমত হল --

“ এদেশের পারিবারিক স্বাধীন পরিবেশে স্বাধীন ভালোবাসা কোনোদিন প্রশয় পায়নি , তাই  
পরকীয়াবাদকে এদেশে ধর্ম বলে চালাতে হয়েছে । তাই বিদ্যাসুন্দরকেও শেষ পর্যন্ত কালীমাহাত্ম্য দিয়ে  
বাঁচাতে হয়েছে । এই দেশে বর্ণাশ্রমবিরুদ্ধ প্রেম এবং তার জন্য সমাজের বিরুদ্ধে বিদ্রোহ ... এ সত্যই  
অদ্ভুত । ...” (তদেব , ৪৪০-৪১ ) ।

নন্দদুলাল সেনগুপ্ত এখানে গতানুগতিক ছক থেকে বেরিয়ে এসেছেন ।

পণ্ডিতদের কেউ কেউ গীতিকার জন্মস্থান হিসেবে খুব নির্দিষ্ট করে বলেন যে , ময়মনসিংহ জেলার পূর্বভাগে  
গীতিকাগুলোর জন্ম হয়েছে । ময়মনসিংহের মাটি যে সাহিত্যসৃষ্টির পক্ষে অনুকূল , এমন অভিমতও জানিয়েছেন কেউ কেউ ।

যুক্তি হিসেবে দেখানো হয় যে , ব্রাহ্মণ্য ধর্ম ও সংস্কৃতি সুদীর্ঘকাল সেখানে প্রবেশ করতে পারেনি । তাছাড়া সেখানে , “নানাবিধ আদিবাসী পাহাড়ী জাতির নিত্য আনাগোনা চলিত, মুসলমান ধর্মান্তরীকরণ সেখানে পুরাদমে চলিয়াছিল” (তদেব, ৪৪০-৪১), তাই গীতিকা রচিত হবার অনুকূল পরিবেশ সেখানে গড়ে উঠেছিল । অধ্যাপক অসিতকুমার বন্দ্যোপাধ্যায় আরো বলেছেন --

“সুতরাং স্থানীয় হিন্দুদের মধ্যে রক্ষণশীল মনোভাব ততটা ছিল না , থাকিলে ব্যর্থ প্রেমে হিন্দু-রমণীর আজীবন কুমারী থাকিবার কাহিনী এবং অসবর্ণ বিবাহের গল্প শ্রোতৃ সমাজে জনপ্রিয় হইতে পারিত না” (তদেব , ৪৪১ ) ।

এসব কথাগুলো গুরুত্ব সহকারে ভেবে দেখা এবং পর্যালোচনার আবশ্যিকতা রয়েছে ।

।। দুই।।

পূর্ববঙ্গ গীতিকা’ যে লোকসংস্কৃতির উপাদান সে বিষয়ে পণ্ডিতজনেরা একমত হয়েছেন। তবে , এগুলো যে মৈমনসিংহেরই লোকজ সম্পদ , আশ্চর্যজনকভাবে একথাটাই বার বার উচ্চারিত হয়েছে । অথচ , ক্ষিতীশচন্দ্র মৌলিক যখন গীতিকাগুলোর সংগ্রহের কাজে নতুন করে ব্রতী হয়েছেন, তখন মৈমনসিংহ অঞ্চল ছাড়াও আরও কিছু কিছু স্থানে সেসবের সন্ধান পেয়েছেন। মৌলিক মহাশয় বলেছেন --

“ ১৯৩৩ খ্রিস্টাব্দ হইতে ১৯৫৬ খ্রিস্টাব্দ পর্যন্ত আমি মৈমনসিংহ, ঢাকা ,ফরিদপুর, নোয়াখালি, চট্টগ্রাম ও ত্রিপুরা – এই ছয়টি জেলা হইতে প্রাচীন পালাগান সংগ্রহ করি । সেন মহাশয়ের [দীনেশ চন্দ্র সেন-এর] সংগ্রাহকগণের অনুসন্ধানও ঐ ছয়টি জেলার মধ্যে সীমাবদ্ধ ছিল” ( মৌলিক-১ , ১৯৭৫ , ভূমিকা ) ।

স্পষ্টতই, শুধুমাত্র মৈমনসিংহ নয়, বঙ্গভূমির অন্যান্য অঞ্চলেও যে গীতিকাগুলির জন্ম হয়েছিল , তা মনে নেওয়া যেতে পারে । একটি যায়গায় গীতিকার জন্ম হলে তা অন্যত্রও ছড়িয়ে পড়ে । একারণেই হয়তো দীনেশচন্দ্র সেন তাঁর গীতিকা সংগ্রহের প্রথম খণ্ডটিকে মৈমনসিংহ গীতিকা নামকরণ করলেও পরবর্তী খণ্ডগুলোকে বলেছেন “ পূর্ববঙ্গ গীতিকা”। ক্ষিতীশচন্দ্র মৌলিক তাঁর সম্পাদিত “প্রাচীন পূর্ববঙ্গ গীতিকা” সপ্তম খণ্ডের ভূমিকায় লিখেছেন :

“সাধারণতঃ যে অঞ্চলের ঘটনা অবলম্বনে গাথাটি রচিত হইয়াছে সেই অঞ্চলের আদিবাসী গায়নের খাতা দৃষ্টে আমি গাথা সংগ্রহ করিয়াছি ।” ( মৌলিক , ১৯৭৫ , ভূমিকা ) ।

এটাই সত্য যে , কোন অঞ্চলে মনে থাকার মত বা উল্লেখযোগ্য কোন ঘটনা সংঘটিত হলে , প্রথমে তা সেই অঞ্চলটিকেই আলোড়িত করবে । সেই অঞ্চলে বসবাসকারী বা অন্য কোন অঞ্চলের কবি এটিকে পালার আকারে রূপদান করবেন । ফলে সব গীতিকাই ময়মনসিংহ অঞ্চলের লোককবির সৃষ্টি , এমন কোনো তত্ত্ব মনে নিতে কষ্ট হয়।

উদাহরণস্বরূপ , ‘আয়না বিবি’ পালাটি রয়েছে ক্ষিতীশচন্দ্র মৌলিক সম্পাদিত ‘প্রাচীন পূর্ববঙ্গ গীতিকা’র প্রথম খণ্ডে । আবার তা রয়েছে দীনেশচন্দ্র সেনের ‘পূর্ববঙ্গ গীতিকা’র প্রথম খণ্ডে । পালাটির ভূমিকায় পালার কয়েকটি পংক্তির উল্লেখ সহ ক্ষিতীশচন্দ্রের অভিমত নিম্নরূপ --

“ চান্দের ভিটাং                      মামুদ উজ্জ্বাল সদাগর

আরে ভাল, তার কথা শুন দিয়া মন রে।

নারাইল খলার কানছা বাইয়া চলে ভেরামন উজাইয়া

আরে ভালা ,পাড়ে বাড়ি দেখিতে সুন্দর রে।”

“ইহাতে বোঝা যায়, নারায়ণখলা গ্রামের পার্শ্ববর্তী ভেরামন নদীর উজানে চান্দেদর ভিটা গ্রাম বর্তমান ত্রিপুরা জেলার উত্তর-পূর্বাঞ্চলে ছিল। এই অনুমান যদি সত্য হয়, তবে এই পালার ভাষায় পরবর্তীকালে বিভিন্ন অঞ্চলের ভাষার অনুপ্রবেশ ঘটিয়াছে। ... ..” (মৌলিক-১, ১৯৭০, ২৮৬)।

ক্ষিতীশচন্দ্র মৌলিকের সংকলনের দ্বিতীয় খণ্ডে রয়েছে ‘মনির ওঝা – মাজুর মাও’ (মৌলিক-২, ১৯৭০, ৩৮১) পালাটি।

সেখানে কবির জন্মস্থান-পরিচিতি দেওয়া নেই। তিনি লিখেছেন --

“এই পালাটি ‘ভাওয়াইয়া’ ছন্দে ‘সাগরী ঝাঁপ’ লহরে রচিত; সেজন্য মনে হয় কবির জন্মস্থান নোয়াখালি,

ত্রিপুরা অথবা চট্টগ্রামে উত্তর-পশ্চিম অঞ্চলে ছিল। এই সঙ্গে ইহাও লক্ষ্য করিয়াছি, ঐসব অঞ্চলেই

‘মাজুর মাও’ পালা গায়কেরা গাহিয়া থাকেন, অন্যত্র এ পালা গানের প্রচলন নাই” (তদেব, ৩৮১-৮২)।

এখানে সম্পাদকের বক্তব্য তুলে ধরার অর্থ হল, বিষয়টির স্পষ্টতা দেওয়া। “পূর্ববঙ্গ গীতিকা”র রচয়িতারা এবং পালা গায়কেরা ছড়িয়ে ছিলেন সমগ্র বঙ্গদেশ জুড়ে। অধ্যাপক অসিতকুমার বন্দ্যোপাধ্যায়ের লেখাতেও এর সমর্থন মেলে। তিনি লিখেছেন --

“ময়মনসিংহ এবং পূর্ববঙ্গের নানা স্থান হইতে (ত্রিপুরা-নোয়াখালি-চট্টগ্রাম) যে পালাগুলি আবিষ্কৃত ও প্রকাশিত হইয়াছে, অনাধুনিক বাংলা সাহিত্যে তাহা এক অভিনব ব্যাপার তাহাতে সন্দেহ নাই” (বন্দ্যোপাধ্যায়, ২০০৯-১০, ৪২১)।

বাঙলা সাহিত্যের মধ্যযুগে বাঙালি কবিরা দেবদেবীর ব্যাপক স্তুতি করেছেন, দেবদেবীর মাহাত্ম্য বর্ণনা করেছেন। আবার এই মাটিতেই বাঙালি কবিরা রচনা করেছেন ধর্মনিরপেক্ষ গীতিকা সাহিত্য। গীতিকা রচিত হবার কারণ বর্ণনা করতে গিয়ে পণ্ডিতেরা বলেন যে, সুবৃহৎ ময়মনসিংহের মত অঞ্চলে ব্রাহ্মণ্য-সংস্কৃতি প্রবেশ করার সুযোগ লাভ করেনি। ফলে, তা ময়মনসিংহ বা বঙ্গের যে কোন স্থানই হোক, একদিকে যখন রচিত হচ্ছে মঙ্গলকাব্য তখন সমান্তরালভাবে রচিত হয়ে চলেছে এসব গীতিকাগুলিও। গীতিকা যখন ধর্মনিরপেক্ষ সাহিত্যে তখন মঙ্গলকাব্যগুলি দেবীমাহাত্ম্য প্রচারের দায়িত্ব নির্বাহ করছে। এখানে এসে সাহিত্যের দুটি ধারা আমাদের বিস্মিত করে। সুতরাং ব্রাহ্মণ্য-সংস্কৃতির প্রভাব-সংক্রান্ত তত্ত্বটিকে নিতান্ত গুরুত্বহীন বলে মনে হয়। বরং বিষয়টিকে ভিন্ন একটি দৃষ্টিকোণ থেকে ভেবে দেখা যেতে পারে।

এমনটাই হতে পারে যে, আকস্মিক ভাবে মাটি ভেদ করে গীতিকার জন্ম হয়নি। আপাতভাবে, পণ্ডিতেরা গীতিকার জন্ম হওয়ার সময়কালকে নির্দিষ্ট করে দিয়েছেন, তারও অনেক আগেই গীতিকার জন্ম হয়েছিল। এমন একটি সম্ভাবনার কথা আমরা ভাবতে পারি। বরং ব্রাহ্মণ্য-সংস্কৃতি যত প্রভাব বিস্তার করেছে, বাঙালি জাতি নিজস্ব সংস্কৃতি-প্রবাহ থেকে ক্রমশ দূরে সরে এসেছে। ব্রাহ্মণ্য-সংস্কার বাঙালির সাংস্কৃতিক প্রবাহের সামনে বাধা হয়ে দাঁড়ালে, নতুন করে গীতিকার জন্ম নেবার গতি রুদ্ধ হয়েছে। ব্রাহ্মণ্য-সংস্কৃতিতে নারীরা ব্রাত্য। তারপরও ময়মনসিংহ অঞ্চলে সেগুলোর অস্তিত্ব টিকে ছিল। কিন্তু হিন্দুরা এসব থেকে দূরে সরে এলেও মুসলমান সমাজের কবিরা গীতিকা’র চর্চা থেকে দূরে সরে আসেনি। তাঁদের জন্য অনুরূপ কোন গুরুতর ধর্মীয় তথা সামাজিক প্রতিবন্ধকতা সেসময়ে ছিল না।

পণ্ডিতেরা বলেন, ময়মনসিংহ জেলায় “আদিবাসী ও পাহাড়ী জাতির নিত্য আনাগোনা চলিত,” (বন্দ্যোপাধ্যায় , ২০০৯-১০ , ৪২১) এরই প্রভাব পড়েছে বাঙালি নর-নারীর মুক্ত জীবনে । পণ্ডিতেরা এমনভাবে বিষয়টি আমাদের বুঝিয়েছেন যে, আমরা তা নির্দিধায় মেনে নিয়েছি । কিন্তু আদিবাসী জীবন ও সংস্কৃতির দিকে নজর ফেরালে ভিন্ন এক চিত্র আমাদের সামনে হাজির হয়। আদিবাসীরা এখনও নিজেদের রক্ষণশীলতার প্রতি আস্থাবান । পাহাড়ের ঢালে তারা জুম চাষাবাদ করে। বন থেকে ফল-মূল এবং মাটির নীচ থেকে আলু সংগ্রহ করে। যৌথ চাষাবাদ প্রণালীর মাধ্যমে জুম-কর্ম সম্পাদিত হয়। এভাবেই বেঁচে থাকার উপযোগী করে নিজস্ব একটা অর্থনৈতিক প্রক্রিয়া গড়ে তুলেছে তারা , তাহল বিনিময় প্রথা। সর্বাধিক গুরুত্বপূর্ণ বিষয় হল , একেকটি টোটেমীয় গোষ্ঠীর মানুষ নিজেদের টোটেম-অন্তর্গত রীতিপদ্ধতি-সংস্কারে গভীর আস্থা রাখে এবং মান্যতা দেয় । নারী-পুরুষের মেলামেশা , নারীদের স্বাধীন জীবনাচরণ যে ভাবেই হোক না কেন , সেটিও টোটেমীয় প্রথা পদ্ধতিকে মান্যতা দিয়েই । তারা নিজেদের বৃত্তের বাইরে অন্যদের সংগে মেলামেশার ক্ষেত্রেও সংযমী এবং রক্ষণশীল মনোভাবই পোষণ করে ।

আদিবাসীদের যখন এমনই সামাজিক অবস্থান , তখন পার্বত্য অঞ্চল ছেড়ে সমতল ভূমিতে বাঙালিদের সংগে মেলামেশার যে খুব বেশি সুযোগ নেই , তা বলার অপেক্ষা রাখে না । বৃহৎ ভাষা ও সংস্কৃতির আগ্রাসী চরিত্রের কথা আমরা জেনেছি । কিন্তু ছোট বাচকগোষ্ঠীর ভাষা ও সংস্কৃতির দ্বারা বড়ো সংস্কৃতির প্রভাবিত হওয়ার তত্ত্বটি অবাধ হওয়ার মতো একটি বিষয় । ছোট বাচকগোষ্ঠীর সংস্কৃতির যৎসামান্য প্রভাব যে বড়ো সংস্কৃতিতে পড়ে না , এমন নয়। তবে সেই প্রভাবের গভীরতা কতখানি তা জেনে নেবার জন্য কোন ভাষাতাত্ত্বিকের প্রয়োজন পড়ে না। সে প্রভাব এমন গভীরও হতে পারে না , যেখানে একটি বৃহৎ জাতিগোষ্ঠীর নারী সমাজের চারিত্রিক কাঠামোতে এমনতরো একটি রদবদল ঘটে যেতে পারে। সুতরাং পণ্ডিতদের এধরনের একটি বহুল প্রচলিত সিদ্ধান্তকে বাতিল করে দেওয়াই বাঞ্ছনীয়। তাহলে কেন , বাঙালির সাহিত্য প্রবাহে এমন ব্যতিক্রমী ধারার জন্ম হল—তা ভেবে দেখার প্রয়োজন রয়েছে।

## ॥ তিন ॥

সংস্কৃতির যে প্রবাহ , তা ছন্দহীন নয়। তার ধাবমানতায় যদি পাহাড়-প্রমাণ কোন বাধা প্রতিবন্ধক হয়ে দাঁড়ায়, তাহলে বাঁক-পরিবর্তন অনিবার্য হয়ে ওঠে । কিন্তু, এই যে পরিবর্তন ঘটে গেল, সেসবের কারণসমূহ কোন না কোনভাবে তার অস্তিত্ব টিকিয়ে রাখে। সংস্কৃতির অগ্রসরমানতায় এই বিপর্যয়টুকুও অস্বাভাবিক নয় । পূর্ববঙ্গ গীতিকাগুলো যে কোন কার্যকারণ সম্পর্ক ছাড়াই সৃষ্টি হয়েছে , তা নয়। গীতিকাগুলোর সঙ্গে মানুষের যে সম্পর্ক রচিত হয়েছিল , একালেও ছোট করে তাকে দেখার সুযোগ নেই। চাষাভূমো মানুষদের হৃদয়ের সম্পদ হল এই গীতিকাগুলো । শুধুমাত্র আনন্দ প্রাপ্তি নয় বরং গীতিকা পরিবেশনের সূত্র ধরে মানুষের আশা-আকাঙ্ক্ষার যেমন প্রকাশ ঘটে , তেমনি প্রাপ্তি-অপ্রাপ্তির বিষয়ও এখানে যুক্ত হয়ে যায় । গীতিকাগুলো ঐতিহ্যবাহী হয়েই আমাদের হাতে এসে পৌঁছেছে । এসবের আদিরূপের শরীরে সময়ের নানা প্রলেপ যেমন পড়েছে , তেমনি হারিয়ে গেছে নানা প্রাচীন উপকরণও । এর নেপথ্যে নানা সামাজিক আন্দোলন, অস্থিরতার ইতিহাস রয়েছে । ইউরোপের এ-জাতীয় ব্যালাড সম্পর্কে অধ্যাপক আশুতোষ ভট্টাচার্যের লেখা থেকে একটি অভিমত এরূপ

--

“ তাঁহারা [কোনো কোনো সমালোচক ] এই উক্তি স্বীকার করেন নাই। তাঁহারা মনে করেন , গীতিকা মধ্যযুগের সাহিত্যের অঙ্গ নহে ; ইহা স্বতন্ত্র ও স্বাধীন , লোকসাহিত্যের এক স্বতন্ত্র ধারা অনুসরণ করিয়া ইহাদের উদ্ভব হইয়াছে ” ( ভট্টাচার্য , ২০০৪ , ৩৩৮) ।

বাঙলা গীতিকাও যে স্বতন্ত্র ধারার সাহিত্য এবং আদিতে গীতিকা যে ভিন্ন তাৎপর্য বহন করেছে , তার ইঙ্গিত মেলে অধ্যাপক আশুতোষ ভট্টাচার্যের লেখা থেকে (তদেব , ৩৩৮) । তিনি লিখেছেন--

“গীতিকার উদ্ভব যে সময়েই হউক না কেন, ইহার সম্বন্ধে একটি কথা প্রায় সকলেই স্বীকার করেন যে, ইহার মধ্যে কেবল মাত্র সমসাময়িক ভাব ও বস্তুরই যে সাক্ষাৎকার লাভ করা যায় তাহাই নহে, ‘but also the fossil remains of the lore of the folk reaching back to remoter antiquity.’ এই সকল প্রস্তরীভূত আদিম উপকরণ সমূহের মৌলিক তাৎপর্য লুপ্ত হইয়াছে । কিন্তু ইহার ভিতর হইতে জাতীয় ইতিহাসের মূল্যবান উপকরণ এখনও সংগৃহীত হইতে পারে” ( তদেব , ৩৩৮) ।

অধ্যাপক ভট্টাচার্য গীতিকা সম্পর্কে কিছু সূত্র মাত্র উল্লেখ করেছেন এখানে । ঠিক এই ভাবনাটিকে তিনি আর বেশিদূর পর্যন্ত টেনে নিয়ে যান নি ।

ক্ষিতীশচন্দ্র মৌলিক যখন গীতিকা সংগ্রহের কাজ করছেন তখন তিনি গীতিকা পরিবেশনের নেপথ্যে যে বিশেষ উদ্দেশ্যও রয়েছে , তা লক্ষ্য করেছেন । তিনি প্রথম খণ্ডে যা বলেছেন, তার কয়েকটি পংক্তির উল্লেখ এখানে করছি ।

“পূর্ববঙ্গে বিবাহাদি উৎসব উপলক্ষে গায়ন ডাকিয়া পালাগান দেওয়া হয়। ইহাতে গায়নদের বেশ ভালো প্রাপ্তি হইয়া থাকে। পূর্ববঙ্গে মৈমনসিংহ, ঢাকা, নোয়াখালি ও ফরিদপুর জেলার হিন্দু-মুসলমান কৃষকদের মধ্যে একটা সুদৃঢ় বিশ্বাস আছে, দেশে অনাবৃষ্টি দেখা দিলে ভালো গায়ন পালাগান গাহিয়া বৃষ্টি নামাইতে পারেন ।” (মৌলিক-১ , ১৯৭০ , ভূমিকা) ।

এর জন্য সাধারণত করণ রসাত্মক পালাকে নির্বাচন করা হয় । গায়নরা একটানা গান করেন । প্রয়োজনবোধে সে গান কয়েকরাত্রিও চলতে পারে। একটি ধূয়া বা ধ্রুবপদের উল্লেখ তিনি করেছেন । গায়নরা একটি বিশেষ ধূয়া বা ‘পাছ দোহার’ গাইতে থাকেন --

“ ও কানা মেঘারে একবার ফিইর্খাচিও,

এক মুইট ধানের ভাত খাই।।”

বৃষ্টিকে আবাহন করছেন পল্লী গায়ন অত্যন্ত বিনীত বাক্যে । অর্থাৎ, শুধুমাত্র আনন্দ গ্রহণ নয়, বরং গীতিকা পরিবেশিত হলে বৃষ্টি হবে, আর এর ফলে জমি শস্যশ্যামলা হয়ে উঠবে, এমন বিশ্বাস পোষণ করত সে সময়ের মানুষ। অর্থাৎ গৃহস্থের বাড়িতে যখন গীতিকা পরিবেশনের আয়োজন হয় ,তখন নেপথ্যে থাকে কোনো সৎ উদ্দেশ্য । তার ব্যক্তিগত নয় বরং তার নেপথ্যে থাকে সমষ্টির মঙ্গল কামনা । ফলে, এসবকে কেন উদ্দেশ্য নিরপেক্ষ বলা হবে – এমন একটি প্রশ্ন উত্থাপিত হওয়াই উচিত। মন্তব্যটির সপক্ষে একটি উদাহরণ গ্রহণের প্রয়োজন রয়েছে । ক্ষিতীশচন্দ্র মৌলিক কর্তৃক সংগৃহীত “কমলা কন্যার পালা” গীতিকাটি থেকে কিছু পংক্তি এখানে তুলে ধরা গেল ।

“গায়নের বন্দনা --



ও কানা মেঘারে ,তুই না আমার ভাই।  
এক ফোঁটা পানি দে সাইলের ভাত খাই ॥  
সাইলের ভাত খাইতে খাইতে মুখে হইল রুচি।  
মা লক্ষ্মীর নিয়রে রাইখ্যা ধান এক খুচি ॥  
আসন পাতিয়া তাতে দিও পদ্মের আশি ।  
এইখানে গাইবাম আমি কমলার বারমাসী ॥  
এই গান গাইতে লাগে পাঁচ কড়া কড়ি ।  
এই গান গাইবাম আমি ভাগ্যমানের বাড়ী ॥  
ভাগ্যমানের বাড়ী না রে আছে দালান মঠ।  
আসন পাতিয়া সামনে দেও রে জলের ঘট ॥  
দেশে নাই রে বিষ্টি পানি ক্ষেতের মাটি ফাটা।  
পিতলা ঘট ভইরা দিলে লাগব মেঘের ঘট ॥  
ঘটের উপরে আমি শাড়ি একখান পাই ।  
দেওয়ার মেঘ দয়া কইরব আর ভাবনা নাই ॥”

( মৌলিক , ১৯৭১ , ১৭৩ )

জমিতে শ্রমদান করা--- ফসল ফলানোর অন্যতম প্রধান শর্ত । কিন্তু তারই সমান্তরালে মানুষকে এর জন্য অলৌকিক শক্তির দ্বারস্থও হতে হয়। তাই ‘এক ফোঁটা পানির জন্য’ মেঘ-দেবতার কাছে মানুষের আকৃতির প্রকাশই এখানে লক্ষ্য করি আমরা। পালাটির বন্দনা অংশের আরও পংক্তির উল্লেখ এখানে করা যেতে পারে।

“স্বর্গেতে বন্দনা করি গো দেব ইন্দ্ররাজে ।  
যানার আদেশে সব মেঘগণ সাজে ॥  
পিথিমির উপরে যত সাধুগুরুজন ।  
মুসলমানের পীর আর হিন্দুর দেবতাগণ ॥  
সর্ব দেবগণে আমি করিয়া মিন্নতি ।  
বিষ্টি লামাইয়া দেশে দূর কর এই দুগগতি ॥  
তারপরে বন্দনা গো করি গুরু ওস্তাদের চরণ ।  
যানার কিরপায় মানুষ পায় বিদ্যা জ্ঞান ॥  
দেবের আসরে আমি আইজ গাইবাম গান ।  
মিন্নতি করিয়া বলি গানের রাখিবা সম্মান ॥  
দ্বিজ ঈশান রচিল এই না কমলার বারমাসী।  
যে গান শুনিয়া কান্দে আসমানে মেঘ আসি ॥  
সভাজনের চরণে আমার কোটি নমস্কার।

কমলার বারমাসী গান করবাম প্রচার ।।”

( তদেব , ১৭৮ )

এখানে গীতিকা পরিবেশনের উদ্দেশ্যমূলকতা অত্যন্ত স্পষ্টতা পেয়েছে। সর্বোপরি , এটিকে কবি বারোমাসি গান বলেছেন। ‘বারোমাসি গান’ লোকগানের একটি ধারা । একসময় পূর্ববঙ্গে এই ধরনের লোকগান একসময় যথেষ্ট জনপ্রিয় ছিল । সুদীর্ঘ গীতিকাটিতে অবশ্য বারোমাসির কিছু লক্ষণও রয়েছে ।

‘কমলা কন্যার পালা’র ভূমিকায় ক্ষিতীশ চন্দ্র মৌলিক লিখেছেন :

“এককালে পূর্ববঙ্গে হিন্দু-মুসলমান কৃষক সমাজে সুদৃঢ় বিশ্বাস ছিল , অভিজ্ঞ গায়ন এই সব পালা গান গাহিয়া বৃষ্টি নামাইতে পারেন। ১৯৩৫ খ্রিস্টাব্দের মে মাসে টাঙ্গাইলের উত্তর-পূর্ব পনরো মাইল দূরে বঙ্গারতনগঞ্জ বাজারে ১৯৪৪ খ্রিস্টাব্দের মার্চ মাসে ধাকার দশ মাইল পশ্চিমে ভাকুরতা গ্রামে গায়নের এই আশ্চর্য ক্ষমতা আমি প্রত্যক্ষ করিয়াছি । দেখিয়াছি এই উদ্দেশ্যে পাল গাহিতে হিন্দু ও মুসলমান গায়ন তাহাদের নিজস্ব ওস্তাদ-গুরু পরস্পরা কতকগুলি বিশেষ নিয়ম প্রতিপালন করেন। সে নিয়মগুলির মধ্যে একবেলা হবিষ্যন্ন আহার ও আসরে গান গাহিবার সময় ছাড়া অন্য সময় মৌন থাকা হিন্দু-মুসলমান গায়নদের একই প্রকার বিধান । দুই জায়গায়ই দেখিয়াছি গানের দ্বিতীয় রাত্রির শেষে বৃষ্টি নামিয়াছিল।”

( তদেব , ১৭৬ ) ।

ক্ষিতীশচন্দ্র মৌলিক কর্তৃক সংগৃহীত “প্রাচীন পূর্ববঙ্গ গীতিকা”র দ্বিতীয় খণ্ডে রয়েছে , ‘কাঞ্চনকন্যা’ গীতিকাটি । এই গীতিকাটি দীনেশচন্দ্র সেনের সংগ্রহেও রয়েছে । দীনেশচন্দ্রের সংগ্রহে যখন ছত্রসংখ্যা ৪৬৯ , তখন ক্ষিতীশচন্দ্র মৌলিকের সংগ্রহে রয়েছে ৭৫০ টি ছত্র । তাছাড়া, যা আমাদের অনুসন্ধানের বিষয়, তা যথাযথ ভাবে রয়েছে ক্ষিতীশচন্দ্র মৌলিক-এর সংগ্রহে । দীনেশচন্দ্রের সংগ্রহে পালাটির নাম হল ‘ধোপার পাট’। পালাটির গভীরে প্রেমের ক্ষেত্রে বিশ্বাসভঙ্গের স্বরূপ ধরা রয়েছে ।

গোধা নামক ধোপার চতুর্দশী কন্যা কাঞ্চনমালা অপূর্ব সুন্দরী। রাজকুমার তার প্রেমে মুগ্ধ হয়। কিন্তু প্রেম নিবেদনের পরেও কাঞ্চনমালা সাড়া দেয় না। কিন্তু এক সময় কাঠিন্য ভঙ্গ করে রাজকুমারের সঙ্গে সে প্রেমের বাঁধনে জড়িয়ে যায় । পরিস্থিতির কারণে দুজনকেই এক সময় ঘর ছাড়তে হয়। তারা হাঁটতে হাঁটতে চলে যায় অন্য এক রাজ্যে । এক ধোপার ঘরে তাদের আশ্রয় মেলে । সেই ধোপা সেখানকার রাজার কাপড় ধোয় । কাঞ্চনমালা এবং রাজকুমার ধোপাকে তার কাজে সাহায্য করতে থাকে। দুজনে মিলে সেই কাপড় দিতে যায় রাজবাড়িতে । সেখানকার রাজকন্যা রুক্মিণী রাজকুমারকে দেখে তার প্রেমে পড়ে যায়। সে নিজের প্রভাব খাটিয়ে বিবাহ করে রাজকুমারকে। অনেক পরে রাজবাড়িতে রুক্মিণী ও রাজকুমারকে একত্রে দেখে বিস্মিত হয় কাঞ্চনমালা । মুহূর্তে সে সবই বুঝে যায় । প্রেমের প্রতি তার বিশ্বাস হারিয়ে যায়। ফিরে আসে সে পিতৃগৃহে । উন্মাদ লক্ষণও দেখা দেয় তার মধ্যে।

“ বাপে কান্দে বিয়ে কান্দে গলা ধরাধরি ।

কার বা দোষ কেবান দেয় মনের আঙুনে পুড়ি।।

বাপের আগে কাইন্দা কাঞ্চন কয় দুঃখের কথা।

দেশ বিদেশে ঘুরা পাইল যত দুঃখ বেথা।।

রাজার বাড়ির খবর কাঞ্চন পাইল বাপের আগে ।

সগগল হারাইছে কাঞ্চন কর্মের অনুরাগে ॥”

( মৌলিক-২ , ১৯৭০ , ৫৩ )

শেষ পর্যন্ত কাঞ্চনমালা তার প্রিয়তম খুরাই নদীতে ঝাঁপ দেয়। নদীর প্রবল জলস্রোতেই মিশে যায় তার প্রাণপ্রবাহ ।  
স্পষ্টতই কাঞ্চনকন্যার বিয়োগান্তক পরিণতি ঘটে। ট্রাজিক এই পরিণতি , পালার শ্রোতাদের মনকে বেদনাসিক্ত করে। কিন্তু,  
বর্তমান আলোচনায় কেন পালাটির প্রসঙ্গ উত্থাপিত হল, তা এখনো স্পষ্টতা পায়নি । পল্লীগায়ের সংক্ষেপে ঘটনার বিবরণের  
সঙ্গে উদ্দেশ্যমূলকতার দিকটির প্রতিও আলোকপাত করেছেন। তিনি গানে গানে জানিয়েছেন --

“কোন দেশতনে আইছ রে ঢেউ

ভূমি যাইবা কোথাকারে।

আমারে ভাসাইয়া লও

সে না দুস্তর সাওরে।।

এই না বইলা কাঞ্চনকন্যা

জলে দিল ঝাঁপ ।

কোথায় রইল রাজার কুমার

কোথায় রইল বাপ ॥

তারা হইল নিমি বিমি

সে নি রাইতের নিশাকালে

ঝম্প দিয়া পড়ে কন্যা

খুরাই নদীর জলে।।”

(মৌলিক-২, ১৯৭০ , ৩৫ )

পালাটির শেষ কয়েকটি পংক্তি হলো :

হায় রে, ডুইবা গেল কাঞ্চনমালা

জল হইল থির।

দেওয়ায় ডাকে আকাশ ফাইট্রা

হইল রে চৌচির ॥

( তদেব )

এখানে পালা রচয়িতা, পালা পরিবেশক , সর্বোপরি শ্রোতৃসাধারণের উদ্দেশ্যমূলকতা স্পষ্টতা পেয়ে যায়। চাষাবাদের প্রয়োজনে  
জমিতে জলের প্রয়োজন হয়। যে সময়ের কথা বলা হচ্ছে , সে সময়ে মানুষকে সব সময়ে প্রকৃতির মেজাজ মর্জির উপর  
নির্ভর করতে হয়েছে। এসব গীতিকা পরিবেশনের উদ্দেশ্যমূলকতার দিকটি এখানে স্পষ্টতা পেয়ে যায় । অবশ্য, পূর্ববঙ্গ  
গীতিকার সবগুলোই যে বৃষ্টি আবাহনের জন্য পরিবেশিত হত , তা নয়। বরং ভিন্ন উদ্দেশ্যমূলকতাও ছিল। আমরা কি তাহলে

অতীতের সংগে সম্পর্ক-বিচ্যুত হয়ে গীতিকা সম্পর্কে ভ্রান্ত কোনো সিদ্ধান্তে পৌঁছে যাচ্ছি বার বার ? কী ছিল গীতিকা পরিবেশনের মূল লক্ষ্য ?

|| চার ||

মানুষের জীবন যাত্রা শুরুর দিনগুলি ছিল বড়ো বেশি বিভীষিকাময় । ক্ষুদ্র ক্ষুদ্র গোষ্ঠীতে বসবাস , যুদ্ধ করে বেঁচে থাকা, গোষ্ঠীকে বাঁচিয়ে রাখা এবং খাদ্য সংগ্রহের অতিরিক্ত কিছু করার অবকাশই ছিল না । প্রকৃতির নির্ভুর আচরণ , বন্য প্রাণীদের সহিংসতাকে ক্রমাগত বল তথা শক্তি প্রয়োগ করে , পরে বুদ্ধি প্রয়োগ করে এবং মেধা খাটিয়ে জয় করার চেষ্টা চালিয়ে গেছে । পশু-শিকার এবং ফল-মূল আহরণ করে হাজার-হাজার বছর জীবন-প্রবাহকে বাঁচিয়ে রেখেছে মানুষ । ফল-মূল আহরণের সূত্রেই মানুষ নতুন এক অগ্রগতির ধাপে পা রেখেছে । এই সুদীর্ঘ সময়ে মানুষ বিশ্বাস করেছে অলৌকিক শক্তির অস্তিত্বকে । আত্মার পূজা , সর্বপ্রাণবাদ, জাদুমূলকতা , টোটাম , ট্যাবু ইত্যাদিতেই আস্থা স্থাপন করেছে আমাদের আদিম প্রপিতামহরা । যেদিন পশুশিকার থেকে সামান্য সরে মানুষ কৃষির জগতে পা রেখেছে তখনই মানুষের বেঁচে থাকার কায়দা-কানুন বদলে গেছে । পশুশিকারের পর্বে শিকারই ছিল মুখ্য । কিন্তু কৃষিকর্মে মানুষ যত বেশি সম্পৃক্ত হয়েছে , প্রকৃতি-নির্ভরতা বেড়ে গেছে তত বেশি করে ।

শিকার-পর্বে অস্ত্র নির্মাণ করা , পর্বতগাত্রে শিকারের ছবি এঁকে নানাভাবে শিকারের ভঙ্গি সহ নৃত্যগীত করার রীতি ছিল । গান, কাজ আর নাচের যে আদি-সম্পর্ক এই বিষয়ে পণ্ডিতেরা নানা অভিমত দিয়েছেন । আদিতে নাচ ছাড়া গান গাইবার প্রয়োজন অনুভূত হয়নি । নাচ এবং গান , উৎপাদন কর্মের সঙ্গে সম্পর্কযুক্ত । সুতরাং নাচ এবং গান যে এককালে ছিল উদ্দেশ্যমূলক এবং প্রয়োজনীয় , বলাই বাহুল্য । প্রাথমিক পর্যায়ে দশজনে মিলে উৎপাদন কার্যে ব্যাপ্ত থাকাটাই ছিল আবশ্যিক কর্ম । কাজের প্রয়োজনে নির্মিত স্থূল হাতিয়ার দিয়ে একা সম্পূর্ণ কাজকে শেষ করা ছিল অসম্ভব । ক্রমে ক্রমে মানুষ তা থেকে বেরিয়ে আসতে পেরেছে । কিন্তু যৌথভাবে টিকে থেকে কর্ম করার প্রয়োজন যে এতে মিটে গেছে তা নয় ।

